পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের মাঝে এক অপরূপ ডেস্টিনেশন

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 29, Issue No.: 226 Tuesday, 16 July, 2024 ✱ ২৯ বর্ষ, ২২৬ সংখ্যা ✱ ৩১ আষাঢ়, ১৪৩১, মঙ্গলবার, ১৬ জুলাই, ২০২৪ ✱ আজ ৮ পাতা ✱ মূল্য– ৩ টাকা

ফের পিছিয়ে গেল ডিএ শুনানি

অপেক্ষা করতে হবে ডিসেম্বর পর্যন্ত

নয়াদিল্লি, ১৫ জুলাইঃ চার মাস পর ফের ডিএ মামলার শুনানি ছিল সুপ্রিম কোর্টে। আন্দোলনকারীরা আশা করেছিলেন এবার সুরাহা হবে। কিন্তু কিছুই হল না। ফের ডিএ মামলার শুনানি পিছিয়ে গেল দেশের শীর্ষ আদালতে। পরবর্তী শুনানি হতে পারে দুর্গাপুজোর পর। তবে আগামী শুনানির তারিখ আপাতত জানায়নি সুপ্রিম কোর্ট। বকেয়া ডিএ-র দাবিতে রাজ্যের বিরুদ্ধে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন সরকারি কর্মচারীদের একাংশ। রাজ্য সরকারি কর্মীদের বকেয়া মহার্ঘভাতা দ্রুত মিটিয়ে দেওয়ার জন্য রাজ্যকে তিনমাসের সময়সীমাও বেঁধে দেয় আদালত। কলকাতা হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ করে শীর্ষ আদালতে পাল্টা মামলা দায়ের করে রাজ্য সরকার। তারপর থেকে একাধিকবার সেই মামলার শুনানি পিছিয়ে সুপ্রিম কোর্টে। এই মামলার আগের শুনানি

হয়েছিল গত ফেব্রুয়ারি মাসে। চার মাস পর সোমবার এই মামলার শুনানিতে আন্দোলনকারীদের আইনজীবী ফিরদৌস শামিম বলেন, দুর্গাপুজোর আগে সরকারি কর্মীদের বকেয়া ডিএ মেটানোর বিষয়টি নিশ্চিত করলে ভাল। অন্যদিকে, পাল্টা সরকারি আইনজীবী অভিষেক মনু সিংভি দাবি করেন, এই মামলায় আরও শুনানির প্রয়োজন রয়েছে। দু'পক্ষের বক্তব্য শুনে শীর্ষ আদালত মামলার শুনানি স্থগিত করে দেয়। মামলাকারীদের মূল অভিযোগ, প্রতিবছরই কেন্দ্রীয় সরকার তাঁর কর্মচারীদের ডিএ দিলেও এ রাজ্যে দীর্ঘদিন ধরে কর্মচারীদের ডিএ বকেয়া রাখা হয়েছে। বকেয়া ডিএর পরিমাণ প্রায় ৪১ হাজার কোটি টাকা। এই নিয়ে সুপ্রিম কোর্টে প্রথম মামলা উঠেছিল ২০২২ সালের নভেম্বর মাসে। তারপর থেকে একে একে অন্তত ১২ বার পিছিয়ে সেই মামলার শুনানি। গোটা বিষয়ে সংগ্রামী যৌথ মঞ্চের পক্ষ থেকে ভাস্কর ঘোষ জানিয়েছেন, তাঁরা বারবার হতাশ হচ্ছেন। এক্ষেত্রে সুপ্রিম কোর্টের ওপরই কিছুটা ক্ষোভ প্রকাশ করে তিনি বলেন, ''সুপ্রিম কোর্টেরই প্রধান বিচারপতি একাধিক জায়গায় বলেন যে বিচার প্রক্রিয়া আরও দ্রুত সম্পন্ন করতে হবে। দেরি হওয়া মানেই বিচার না দেওয়া। অথচ তাঁরই প্রতিষ্ঠানে ডিএ মামলার শুনানি হয় না দিনের পর দিন।'' তাঁর অভিযোগ, প্রথম থেকে ডিএ মামলার বিষয়টি সরকার পক্ষের আইনজীবীরা নিয়ন্ত্রণ করছেন। তাই মামলাকারীরা পাল্লা দিতে পারছেন না।

'এত বড় বাড়ি করেছে জানতাম না, ভুল হলে সংশোধন করতে হবে'

জয়ন্তকাণ্ডে বললেন সৌগত, পাশে মদন

দুরন্ত বার্তা, উত্তর ২৪ পরগনা, ১৫ জুলাইঃ ক্লাবঘরের মধ্যে একজনকে বেধড়ক মারধর, তার ভিডিও ভাইরাল। জয়ন্ত সিং-এর কাণ্ডে তৃণমূল কংগ্রেস এই মুহূর্তে ব্যাপক অস্বস্তির মধ্যে রয়েছে। জয়ন্ত গ্রেফতার হওয়ার পর সৌগত রায় এবং মদন মিত্রকে ফোন করে হুমকি দেওয়া হয়েছে বলেও জানা যায়। সোমবার তৃণমূলের এই দুই নেতা সাংবাদিক বৈঠক করেন। সেই বৈঠক থেকে সৌগত রায় স্পষ্ট জানালেন, কোনও ভুল হলে সংশোধন করে নিতে হবে। সোমবার কামারহাটিতে দলীয় বৈঠক করে তৃণমূল কংগ্রেস। এই বৈঠকের পরই সাংবাদিক বৈঠক করে মদন মিত্রকে পাশে নিয়ে সৌগত বলেন, ''অতীতে যদি ভুল হয়ে থাকে তাহলে আমরা তা সংশোধন করে নেওয়ার সিদ্ধান্ত নিয়েছি। আজ দেড় ঘণ্টার এই বৈঠকে যারা ছিলেন তারা সবাই এই বিষয়ে একমত হয়েছেন।'' জয়ন্ত সিং-এর বিশাল অট্টালিকার ছবি এবং ভিডিও সমাজ মাধ্যমে ছড়িয়ে গেছে। সেই নিয়ে বিরোধীর কটাক্ষ করতে ছাড়ছেন না। তবে সৌগত রায়ের কথা, তাঁরা জানতেনই না জয়ন্তর এত বড় বাড়ি আছে। তৃণমূলের বর্ষীয়ান নেতা বলছেন, ''সত্যিই জানতাম না ওঁর (জয়ন্ত সিং) এত বড় বাড়ি আছে। কেউ না

বললে আমরা জানব কী করে। সংবাদমাধ্যমও তো আমাদের কিছু জানায়নি।'' এই প্রসঙ্গে কার্যত সংবাদমাধ্যমের ভূমিকা নিয়েও উষ্মা প্রকাশ করেন তিনি। সৌগতর কথায়, ''কোনও গন্ডগোল না হওয়া পর্যন্ত তো সংবাদমাধ্যমও কিছু জানায় না। কোথায় কোন বেআইনি নির্মাণ হচ্ছে সেটা তো তারাও ঘুরে ঘুরে দেখায় না।'' জয়ন্ত সিং ইস্যুতে বিরোধীদের দাবি ছিল, তিনি তৃণমূল ঘনিষ্ঠ নেতা। এমনকী মদন মিত্রের সঙ্গে তাঁর ছবিও ভাইরাল হয়ে যায়। যদিও এই অভিযোগ উড়িয়ে সৌগত রায়ের প্রসঙ্গ টেনে মদনের বক্তব্য ছিল, এরকম গুন্ডামি দেখলে পুলিশকে ফোন করলে পুলিশ বলে সৌগত রায়কে বলুন। ওনাকে (সৌগত রায়) বার বার বলেওছি, উনি বলেছেন দেখছি।'' স্বাভাবিকভাবেই মদনের এই মন্তব্যের পর বঙ্গ রাজনৈতিক মহল একটা দ্বন্দ্বের গন্ধ পেয়েছিল। পরে অবশ্য পুলিশি নিষ্ক্রিয়তা নিয়ে সৌগত রায়ও অভিযোগ করেন। এক্ষেত্রে বিরোধীদের অভিযোগ ছিল, জয়ন্তকে পুলিশ নতুন করে হেফাজতে নিতেই নিজেদের দায় ঝেড়ে ফেলতে পুলিশের ঘাড়েই দোষ চাপাচ্ছেন সৌগত, মদনরা। সোমবারের তৃণমূলের এই বৈঠককেও কটাক্ষ করেছিলেন বিজেপি সাংসদ সুকান্ত মজুমদার। সেই প্রসঙ্গ সংবাদমাধ্যমে সৌগতর সাফ কথা, ''সুকান্ত একজন মূর্খ। ও বেশিদিন রাজনীতিতে টিকতে পারবে না। বরাহনগর, কামারহাটি সম্পর্কে ও কিছুই জানে না তাহলে কথা বলছে কী করে।'' সুকান্তকে সৌগতর খোঁচা, লোকসভায় হেরেছে, উপনির্বাচনেও হেরেছে, কোথায় মাথা নীচু করে থাকবে, তা না বিবৃতি দিচ্ছে।

কুপওয়ারায় সেনার গুলিতে নিহত তিন জঙ্গি

শ্রীনগর, ১৫ জুলাইঃ জম্মু ও কাশ্মীরের কুপওয়ারা জেলায় অনুপ্রবেশের চেষ্টা ভেস্তে দিল ভারতীয় সেনাবাহিনী। তাদের গুলিতে নিহত তিন জঙ্গি। সেনার তরফে জানানো হয়েছে, জঙ্গি ভারতীয় ভূখণ্ডে অশান্তির তৈরির উদ্দেশ্যে অনুপ্রবেশ করেছিল। কুপওয়ারা জেলার কেরান সেক্টরে নিয়ন্ত্রণ রেখায় শনিবার গভীর রাতে এই কাণ্ড হয়েছে। সেনা সূত্রে জানা গিয়েছে, বিশেষ সূত্র মারফত খবর পেয়ে কেরান সেক্টরে অভিযান চালায় সেনাবাহিনী। কোন কোন পথে অনুপ্রবেশ ঘটতে পারে, তা আঁচ করে তল্লাশি চালানো হয়। তাতেই রুখে দেওয়া হয় অনুপ্রবেশ।

মুখ্যমন্ত্রী বনাম রাজ্যপাল মামলার শুনানি শেষ

অন্তর্বর্তী নির্দেশ মুলতুবি রাখল কলকাতা হাইকোর্ট

দুরন্ত বার্তা, কলকাতা, ১৫ জুলাইঃ রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে যে মানহানির মামলা করেছিলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস সেই মামলার শুনানি শেষ হয়েছে সোমবার। কলকাতা হাইকোর্ট অন্তর্বর্তী নির্দেশ আপাতত মুলতুবি করেছে। এদিন বিচারপতি কৃষ্ণা রাও এই সংক্রান্ত নির্দেশ দিয়েছেন। দুই বিধায়ক সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় এবং রেয়াত হোসেন সরকারের শপথগ্রহণের ইস্যুতে দীর্ঘ টানাপোড়ন চলেছে। শপথ না হওয়ার বিষয় নিয়ে রাজ্যপালকে সরাসরি আক্রমণ করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শ্লীলতাহানির যে অভিযোগ রাজ্যপালের বিরুদ্ধে উঠেছিল সেই প্রসঙ্গ টেনে মুখ্যমন্ত্রীর বক্তব্য ছিল, মহিলারা রাজভবনে যেতে ভয় পান। কলকাতা হাইকোর্টে এই মন্তব্যের জেরেই মামলা করা হয়েছিল। এই মামলার শুনানিতে রাজ্যপালের আইনজীবী ধীরজ ত্রিবেদী বলেন, রাজ্যপাল সম্পর্কে মানহানিকর মন্তব্য করা হয়েছে। মহিলারা রাজভবনে যেতে ভয় পান এই মন্তব্য আদতে বিদ্বেষমূলক বলে দাবি করেন তিনি। পাশাপাশি তাঁর প্রশ্ন ছিল, দুই বিধায়ক নির্বাচিত হয়েছেন। তাঁরা শপথ নেবেন। এটা প্রশাসনিক কাজকর্মের মধ্যে পড়ে। কেন সেখানে অন্য বিষয় কেন জুড়ে দেওয়া হল। এদিকে এর পাল্টা মুখ্যমন্ত্রীর আইনজীবীর দাবি, মুখ্যমন্ত্রীর ওই মন্তব্য কখনই মানহানিকর নয়। তিনি শুধু একটি মন্তব্য করেছেন। আর যে বিষয়ে নিয়ে মন্তব্য তা জনসমক্ষে রয়েছে। এটা কখনই মানহানি হতে পারে না। তাঁর কথায়, এই মন্তব্য আদতে বাকস্বাধীনতা। দুই পক্ষের বক্তব্য শোনার পর বিচারপতি শুনানি মুলতুবি করে দেন। তিনি কোনও নতুন নির্দেশও দেননি, এমনকী কবে আবার এই মামলার শুনানি হবে তাও জানাননি।

পুনরায় ডিজি হলেন রাজীব কুমার, সঞ্জয়কে পাঠানো হল দমকলে

দুরন্ত বার্তা, কলকাতা, ১৫ জুলাইঃ ভোট মিটে যেতেই রাজীব কুমারকে যে রাজ্য পুলিশের ডিজি পদে ফেরানো হবে তা দুরন্ত বার্তায় আগেই লেখা হয়েছিল। হলও তাই। বর্তমান ডিজি তথা সিনিয়র আইপিএস অফিসার সঞ্জয় মুখোপাধ্যায়কে দমকলের ডিজি পদে পাঠিয়ে দেওয়া হল। পরিবর্তে পুনরায় রাজ্য পুলিশের ডিজি হলেন রাজীব কুমার। লোকসভা ভোটের সময়ে নির্বাচন কমিশনের নির্দেশে আইপিএস অফিসার রাজীব কুমারকে ডিজি পদ থেকে সরাতে বাধ্য হয় রাজ্য সরকার। তাঁকে তথ্য ও প্রযুক্তি দফতরের অতিরিক্ত মুখ্য সচিব পদের দায়িত্ব দেয় নবান্ন। তবে লোকসভা ভোট মিটে যাওয়ার সঙ্গে সঙ্গেই রাজীবকে ডিজি পদে ফেরানো হয়নি। তার নেপথ্যে কৌশলগত কারণ ছিল। লোকসভা ভোটের এক মাস পর গত ১০ জুলাই রাজ্যে চারটি বিধানসভায় উপ নির্বাচন হয়। নবান্নের আশঙ্কা ছিল, লোকসভা ভোটের পরই রাজীবকে ডিজি পদে ফেরালে উপ নির্বাচনের সময়ে ফের নির্বাচন কমিশন তাঁকে সরানোর নির্দেশ দিতে পারে। তাই উপ নির্বাচন পর্ব শেষ হওয়ার অপেক্ষায় ছিল রাজ্য। তা হয়ে যেতেই রাজীবকে রাজ্য পুলিশের শীর্ষ পদে ফেরানো হল। লোকসভা

ভোটের আগে সঞ্জয় মুখোপাধ্যায় দমকল বিভাগের ডিরেক্টর জেনারেল ছিলেন। তাঁকে সেই পদেই ফেরানো হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অত্যন্ত আস্থাভাজন পুলিশ কর্তা হলেন রাজীব কুমার। এর আগে কলকাতা পুলিশের কমিশনার, সিআইডির অ্যাডিশনাল ডিজি পদে ছিলেন তিনি। উনিশের লোকসভা ভোটের সময়ে তাঁকে কলকাতা পুলিশের কমিশনার পদ থেকে সরানোর নির্দেশ দিয়েছিল। এবারও যে ভোটের সময় তাঁকে ডিজি পদ থেকে সরানো হবে সেই দেওয়াল লিখন পরিষ্কার ছিল। কিন্তু রাজীবকে ফের ডিজি পদে ফিরিয়ে মুখ্যমন্ত্রীও এই পুলিশ কর্তার প্রতি তাঁর আস্থা আরও একবার যে বুঝিয়ে দিলেন। নবান্নের বিজ্ঞপ্তি প্রকাশের পর অবিলম্বে দায়িত্ব বুঝে নিতে চলেছেন তিনি।

খড়দহের দুর্ঘটনায় রেলের গেটম্যানের ভুল, বলছেন আরেক গেটম্যান

দুরন্ত বার্তা, কলকাতা, ১৫ জুলাইঃ খড়দহে রবিবার হাজারিদুয়ারি এক্সপ্রেসে যে ঘটনা ঘটেছে, তাতে সাধারণ মানুষের সচেতনতা নিয়ে যেমন প্রশ্ন উঠছে। একইভাবে প্রশ্ন এড়াতে পারছে না রেলও। রবিবারের ঘটনায় রেল, প্রশাসনের বিরুদ্ধে অভিযোগ রয়েছে। প্রশ্ন উঠছে, এক নম্বর গেট দিয়ে দু'টি গাড়ি ঢুকল কীভাবে? কেন গেটম্যান রেলগেটের ভিতরে গাড়ি ঢোকার পরও হাজারদুয়ারি এক্সপ্রেসকে যাওয়ার সঙ্কেত দিলেন? বাসিন্দাদের প্রশ্ন, রেলগেটের উপরে প্রস্তাবিত উড়ালপুল কেন তৈরি হচ্ছে না? কেন নিয়ম মতো রেলগেটে আরপিএফের দেখা মেলে না? একইসঙ্গে রেলের এফআইআরের ভিত্তিতে গ্রেফতার করা হল চার চাকার গাড়ির চালককে। একইসঙ্গে রেললাইনে ঢুকে পড়া দু'টি গাড়িই আটক করেছে রেল পুলিশ। রবিবার রাতে হাজারদুয়ারি এক্সপ্রেস তখন খড়দহে স্টেশনে ঢুকে পড়েছে। সেই সময় একটি টাটা সুমো গাড়ি ও আরেকটি গাড়ি রেল গেটের দিকে যায়। সে সময় রেল গেট বন্ধ হচ্ছিল। তার আগে রেড সিগনালও দিয়ে দেওয়া হয়। অথচ সেই সিগনাল ভেঙে ওই গাড়ির চালক এগিয়ে যান বলে অভিযোগ। পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র রবিবারই জানিয়েছিলেন, ''আমরা টাটা সুমোর গাড়ির চালকের বিরুদ্ধে এফআইআর করেছি। ওনার

গাফিলতির জন্য বড় ধরনের রেল দুর্ঘটনা ঘটতে পারত।'' যদিও যিনি গেটম্যান ছিলেন, তিনি ভুল করেছেন বলে দাবি করছেন সোমবার দিনের বেলা যিনি গেটম্যান হিসাবে একই জায়গায় কর্তব্যরত। দিনের গেটম্যান বলছেন, ''গেটম্যান ক্লিয়ার করে রাখলে এটা হতো না। গাড়িটা দাঁড় করিয়ে রাখত। ক্লিয়ার করে গাড়িটা বের করতে পারত। গাড়িটা দেরি হলে কিছুই হতো না। আমাদের একটাই নিয়ম মানতে হয়, তা হল নিরাপত্তা।'' তবে রবিবারের দুর্ঘটনার পরও সোমবার বহাল অসচেতনতার ছবি। রেলগেট পড়লেও লাইনের মধ্যে গিয়ে দাঁড়িয়ে থাকছেন পথচারী, যাত্রীরা। গেট ম্যানের বিপদ সাইরেন উপেক্ষা করেই লাইনের উপরে চলছে গাড়ি চলাচল। ফটক বন্ধ করতে রীতিমতো কালঘাম ছুটছে গেটম্যান, আরপিএফের। আরপিএফ শরদিন্দু মণ্ডল বলেন, ''আমরা চেষ্টা করতে পারি। এর বেশি কী করব। পাবলিক একটা কথা শোনে? এখানে ব্রিজ করতে দেবে না। ২৫ বছর আগে এখানে এসেছিল রেলের ব্রিজ করার জন্য। কেউ করেনি।'' এদিকে রেলযাত্রীরা বলছেন, সকলে তো সবই দেখছে। বলে তো লাভ হয় না।

বরাদ্দ টাকা খরচের ডেডলাইন বেঁধে দিল পঞ্চায়েত দফতর

দুরন্ত বার্তা, কলকাতা, ১৫ জুলাইঃ পঞ্চদশ অর্থ কমিশনের টাকা খরচে টেন্ডার চূড়ান্ত করার নির্দেশ দিল পঞ্চায়েত দফতর। গ্রামীণ প্রকল্পের টেন্ডারও চূড়ান্ত করার নির্দেশ দেওয়া হয়েছে। আগামী ১৫ দিনের মধ্যে পঞ্চদশ অর্থ কমিশনের অর্থ খরচ করার জন্য গ্রামীণ প্রকল্পের টেন্ডার চূড়ান্ত করতে হবে। ১৫ অগস্টের মধ্যে ওই অব্যবহৃত টাকা ব্যবহার করতে হবে। কমপক্ষে ৭৫ শতাংশ টাকা খরচ করতেই হবে বলে নির্দেশ দিয়েছে পঞ্চায়েত দফতর। অর্থ কমিশনের এই টাকা মূলত তিনটি স্তরে খরচ করতে হয়। জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েত, অর্থাৎ ত্রিস্তরীয় পঞ্চায়েতে এই টাকা খরচ করতে হয়। কিন্তু দেখা যাচ্ছে, চলতি বছরে যে অর্থ ঢুকেছিল অর্থাৎ প্রায় সাড়ে ৩ হাজার কোটি টাকা, তার মধ্যে খরচ হয়েছে খুবই কম টাকা। সূত্রের খবর, প্রায় সাড়ে ৩ হাজার কোটি টাকার মধ্যে খরচ হয়েছে ১ হাজার ২৮ কোটি টাকার মতো। জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত এই টাকা খরচ করতে পারলেও এখনও অনেকটাই বাকি থেকে গিয়েছে। যে সমস্ত ব্লকগুলির ভূমিকা খুবই খারাপ, এদিন মূলত তাদের নিয়েই একটি বৈঠক হয় পঞ্চায়েত দফতরে। নির্দেশ দেওয়া হয়, ১৫ আগস্টের মধ্যে এই অব্যবহৃত টাকার ৭৫ শতাংশ অর্থ খরচ করতে হবে। ১৫ দিনের মধ্যে টেন্ডারও ডাকতে হবে। উল্লেখ্য, এই টাকা খরচ হলে দ্বিতীয় কিস্তির টাকা ঢোকার কথা পঞ্চদশ অর্থ কমিশনের। সে কারণে ন্যূনতম ৭৫ শতাংশ অর্থ খরচ করার নির্দেশ দিয়েছে পঞ্চায়েত দফতর। খরচ না হলে দ্বিতীয় কিস্তির টাকা ঢুকতে সমস্যা হতে পারে। পাশাপাশি এদিন নির্দেশ দেওয়া হয়েছে, টেন্ডার করার ক্ষেত্রে কিছু সমস্যা হচ্ছে। তাই টেন্ডারের জন্য সঠিক পদ্ধতি অবলম্বন করতে হবে। সেই পদ্ধতির জন্য ট্রেনিংয়ের ব্যবস্থা করা হবে। বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করার নির্দেশ দেওয়া হয়েছে বলে সূত্রের খবর। সূত্রের খবর, ইগ্রাম স্বরাজ পোর্টাল ও দরপত্র ডাকা নিয়ে জেলার পঞ্চায়েত আধিকারিকদের স্পষ্ট জ্ঞান নেই। আর সেই কারণেই বিশেষ প্রশিক্ষণ প্রয়োজন।

২১শে জুলাই মুখ ভার থাকবে আকাশের, হতে পারে ঝমঝমিয়ে বৃষ্টি

দুরন্ত বার্তা, কলকাতা, ১৫ জুলাইঃ কখনও রোদ। কখনও বৃষ্টি। আপাতত এই রকমই পরিস্থিতি চলছে। জানা যাচ্ছে, পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর এবং উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে নিম্নচাপ তৈরির সম্ভাবনা রয়েছে। শুক্রবার সাগরে সেই নিম্নচাপ তৈরি হতে পারে বলে খবর। তার জেরে বৃষ্টি হতে পারে বলেই মনে করছেন আবহবিদরা। তবে উত্তর অন্ধ্রপ্রদেশ ও দক্ষিণ ওড়িশা সংলগ্ন উপকূলে এই নিম্ন চাপের প্রভাব সব থেকে বেশি থাকবে। ফলত, একুশে জুলাই কলকাতায় বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আলিপুর আবহাওয়া অফিস সূত্রে জানা যাচ্ছে, একুশে জুলাই কলকাতার পাশাপাশি দক্ষিণবঙ্গের সব জেলাতেই বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বৃষ্টির বেশি সম্ভাবনা থাকবে উপকূল ও ওড়িশা সংলগ্ন জেলাগুলিতে। আগামী শুক্রবার থেকে উপকূলের জেলা পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং কলকাতা ও সংলগ্ন জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ একটু বেশি হতে পারে। তবে ভারি বৃষ্টির কোনও সম্ভাবনা নেই দক্ষিণবঙ্গের জেলাগুলিতে। অপরদিকে, ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে তিন জেলায়। তার মধ্যে রয়েছে দার্জিলিং, কালিম্পং ও জলপাইগুড়ি। সেখানে বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সতর্কতা থাকবে। পাশাপাশি বিক্ষিপ্ত বৃষ্টি হতে পারে আলিপুরদুয়ার, কোচবিহার, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর এবং মালদহতে।

রাজ্যসভায় সংখ্যাগরিষ্ঠতা হারাল মোদি সরকার!

১৩-র ঘাটতি মিটবে কোন অঙ্কে?

নয়াদিল্লি, ১৫ জুলাইঃ রাজ্যসভায় সাংসদ সংখ্যা কমল বিজেপির। সংখ্যালঘু হয়ে পড়ল এনডিএ জোট। শনিবার রাজ্যসভা সদস্য হিসেবে মেয়াদ শেষ হয়েছে রাকেশ সিনহা, রাম শকল, সোনাল মানসিংহ এবং মহেশ জেঠমালানির। চারজনকেই শাসক দলের সুপারিশে জোট নিরপেক্ষ সদস্য হিসাবে মনোনিত করেছিলেন রাষ্ট্রপতি। পরে, তাঁদের আনুষ্ঠানিকভাবে মোদি সরকারের জোটে সামিল করা হয়েছিল। এই চারজনের মেয়াদ শেষ হওয়ায় রাজ্যসভায় বিজেপির সাংসদ সংখ্যা নেমে এল ৮৬-তে। এর ফলে, এনডিএ জোটের সাংসদ সংখ্যা কমে দাঁড়াল ১০১-এ। ২৪৫ সদস্যের রাজ্যসভায় সংখ্যাগরিষ্ঠতা পেতে লাগে ১১৩ জন সাংসদের সমর্থন। কাজেই, আগামিদিনে, রাজ্যসভায় কোনও বিল পাশ করাতে গেলে বড় সমস্যায় পড়তে হবে মোদি সরকারকে। বিলগুলি পাশ করাতে ন্যূনতম ১৩ জন অতিরিক্ত সাংসদের সমর্থন প্রয়োজন হবে। সেই প্রয়োজন কি মেটাতে পারবে তারা? রাজ্যসভার বর্তমান সদস্য সংখ্যা ২২৫। এর মধ্যে ইন্ডিয়া জোটের হাতে রয়েছে ৮৭জন সদস্য। এর মধ্যে, কংগ্রেসের ২৬ জন, তৃণমূলের ১৩ জন এবং আম আদমি পার্টি ও ডিএমকে-র ১০ জন করে সাংসদ আছেন। এনডিএ এবং ইন্ডিয়া জোটের বাইরে, অন্ধ্র প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী জগন মোহন রেড্ডির ওয়াইএসআর কংগ্রেস পার্টির রয়েছে ১১ জন সাংসদ, ওড়িশার প্রাক্তন মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়কের বিজেডির রয়েছে ৯ জন সাংসদ এবং তেলেঙ্গানার প্রাক্তন মুখ্যমন্ত্রী কে

চন্দ্রশেখর রাও-এর বিআরএস ও বিজেপির প্রাক্তন সঙ্গী এআইএডিএমকে-র রয়েছে ৪ জন করে সাংসদ। এছাড়া, রাজ্যসভায় মোট ১২ জন মনোনীত সদস্য আছেন। কয়েকজন নির্দল প্রার্থীও আছেন। উচ্চকক্ষে, এনডিএ সংখ্যালঘু হয়ে যাওয়ার পর, এখন কোনও বিল পাশ করানোর জন্য মোদি সরকারকে তাকিয়ে থাকতে হবে এনডিএ জোটের বাইরে থাকা দলগুলির দিকে। অতীতে ওয়াইএসআরসিপি এবং বিজেডি, মোদি সরকারকে ইস্যুভিত্তিক সমর্থন দিয়েছে। জগনমোহন রেড্ডির প্রতিদ্বন্দ্বী, চন্দ্রবাবু নাইডুর টিডিপি দলের সঙ্গে জোট গড়েছে বিজেপি। তবে, মোদি সরকারকে সমর্থন দেবে না বলে ঘোষণা করেননি জগন। তাই, জগনের দলের ১১টি ভোট মোদি সরকার পেতে পারে। লোকসভা ও বিধানসভা নির্বাচনে বিজেপির কাছে পরাজিত হওয়ার পর, নবীন পট্টনায়ক অবশ্য সাফ জানিয়েছেন, আর বিজেপিকে সমর্থন করবেন না। বিজেপি সমর্থন পেতে পারে তাদের তামিলনাড়ুর প্রাক্তন মিত্র, এআইএডিএমকে-র পক্ষ থেকে। তবে, আন্নামালাইকে কেন্দ্র করে দুই দলের মধ্যে এখন কয়েক যোজন দূরত্ব তৈরি হয়েছে। তারাও যদি সমর্থন দিতে না চায়, তাহলে বিজেপিকে মনোনীত সদস্যদের ভোটের দিকে তাকাতে হবে। অতীত অভিজ্ঞতা বলছে, মনোনীত সদস্যরা রাজ্যসভায় ঢোকার সময় জোট-নিরপেক্ষ হিসেবে থাকলেও, সরকার তাদের সুপারিশ করে বলে কার্যত তারা ক্ষমতাসীন দলকেই সমর্থন করে। এবার আসা যাক রাজ্যসভায় খালি আসনগুলির কথায়। বর্তমানে রাজ্যসভার মোট ২০টি আসন খালি রয়েছে। এর মধ্যে ১১টি আসনে নির্বাচন হবে। মহারাষ্ট্র, অসম ও বিহারের দুটি করে আসনে এবং হরিয়ানা, রাজস্থান, মধ্য প্রদেশ, তেলঙ্গানা এবং ত্রিপুরায় একটি করে আসনে ভোট হতে পারে চলতি বছরেই। এই আসনগুলির মধ্যে, অসম, বিহার, রাজস্থান, মধ্য প্রদেশ এবং ত্রিপুরা থেকে বিজেপি তথা এনডিএ সাতটি আসন জিততে পারে। মহারাষ্ট্রে যদি জোট ধরে রাখতে পারে, সেই ক্ষেত্রে এই রাজ্য থেকেও আরও দুটি আসন জিততে পারে এনডিএ। ফলে, বিজেপি নয়টি অতিরিক্ত আসন পেতে পারে। সেই ক্ষেত্রে এনডিএ-র আসন সংখ্যা দাঁড়াবে ১১০-এ। এর সঙ্গে ১২ জন মনোনীত সদস্য এবং ওয়াইএসআরসিপি-র ১১ জন সাংসদের সমর্থন পেলে, এনডিএ সরকারের পক্ষে সমর্থনের সংখ্যা দাঁড়াবে ১৩৩-এ। কাজেই, সংখ্যাগরিষ্ঠ সংখ্যার অনেক বেশি সমর্থনই থাকবে তাদের হাতে। তবে, রাজনীতিতে সব অঙ্ক তো পাটিগণিতের হিসেবে হয় না।

হিন্দিভাষী হকারদের দাপট কলকাতার ফুটপাতে

বিহার-ঝাড়খণ্ড থেকে বাংলায়, কলকাতা পুরসভার নয়া সমীক্ষা

দুরন্ত বার্তা, কলকাতা, ১৫ জুলাইঃ কলকাতার নিউমার্কেট সংলগ্ন লিন্ডসে স্ট্রিট। ফুটপাতের একাংশ জুড়ে সারি সারি দোকান। ধর্মতলার ফুটপাত ধরে হাঁটলেও দেখা যায় দুধারে হকার। কিন্তু একটু কান পাতলেই অবাক হতে হয়। কলকাতার রাস্তায় অধিকাংশ হকারই কথা বলেন হিন্দিতে। এমনকী তাঁরা যখন ক্রেতাদের ডাকাডাকি করেন তখনও হিন্দিতে। বাঙালি ক্রেতারাও কার্যত বাধ্য হয়েই ভাঙা হিন্দিতে কথা বলতে বাধ্য হন। এবার প্রশ্ন বাংলায় এত হিন্দিভাষী হকার এলেন কোথা থেকে? তবে প্রশ্ন করলেই তাঁদের অনেকেই বলেন, তাঁরা নাকি ৩০-৪০ বছর ধরে এভাবে ফুটপাতে বসে ব্যবসা করছেন। এদিকে সম্প্রতি নবান্ন থেকে বাংলার মুখ্যমন্ত্রী এই ফুটপাত দখল নিয়ে রীতিমতো ধমক দেন। এমনকী বাংলার পরিচিতি নষ্ট হয়ে যাচ্ছে বলেও তিনি অসন্তোষ প্রকাশ করেন। এরপরই তৎপর হয় কলকাতা পুরসভা। সমীক্ষার কাজ শুরু করে কলকাতা পুরসভা। আর সেই সমীক্ষায় নেমে কার্যত মুখ্যমন্ত্রী যে আশঙ্কার কথা বলছিলেন এতদিন, সেটাই কার্যত সত্যে পরিণত হল এবার। কলকাতা পুরসভার সমীক্ষা অনুসারে জানা গিয়েছে, কলকাতায় এমন প্রচুর হকারের সন্ধান মিলেছে যারা মূলত বিহার ও ঝাড়খণ্ডের বাসিন্দা। অন্তত ১৫০জন পুরকর্মীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছিল যাতে তারা হকার সমীক্ষায় অংশ নিতে পারে। আর তারা ময়দানে নেমে, বলা ভালো ফুটপাতে নেমে সমীক্ষা

চালিয়েছিলেন। তাদের সমীক্ষায় যে ফল উঠে এসেছে তা চমকে দেওয়ার মতো। কম বেশি ১০টি করে টিম এই সমীক্ষায় নেমেছিল। এরপর তারা হকারদের উপর সমীক্ষা করে। প্রতিটি দলে চার পাঁচজন করে সমীক্ষক ছিলেন। শহরের বিভিন্ন এলাকায় অন্তত ৪০টি করে টিম নামানো হয়েছিল। এরপর চলে সমীক্ষা। এদিকে সেই সমীক্ষায় দেখা গিয়েছে কলকাতা শহরের বহু এলাকায় এমন হকার রয়েছেন যারা ভিনরাজ্য থেকে এসেছেন। এটা যথেষ্ট উদ্বেগের। এদিকে কলকাতার কোন রাস্তায় কত হকার রয়েছেন তাদের নাম, ঠিকানা সহ অন্যান্য তথ্য অ্যাপে নথিভুক্ত করার জন্য বলা হয়। এদিকে সূত্রের খবর, চলতি মাসের শেষে অথবা অগস্টের প্রথমেই সমীক্ষার পূর্ণাঙ্গ রিপোর্ট তৈরি হয়ে যাবে। সেই অনুসারে পুরো রিপোর্ট জমা দেওয়া হবে মুখ্যমন্ত্রীর কাছে। দেখা যাচ্ছে বিহার, ঝাড়খণ্ড থেকে হাজার হাজার হকার এসে বসে পড়েছেন কলকাতার রাস্তায়। তবে তাদের নিয়ে আখেরে কী করা হবে তা এখনও স্পষ্ট নয়। তবে কলকাতায় এভাবে হাজার হাজার ভিনরাজ্যের হিন্দিভাষী হকারদের উপস্থিতি যথেষ্ট উদ্বেগের। এমনটাই মনে করছেন অনেকে।

নতুন বিদেশ সচিব হলেন বিক্রম মিসরি, গ্রহণ করলেন দায়িত্বভার

নয়াদিল্লি, ১৫ জুলাই ঃ ভারতের নতুন বিদেশ সচিব হলেন বিক্রম মিসরি। সোমবার সকালে নতুন বিদেশ সচিব হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন তিনি। বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল এক্স মাধ্যমে জানিয়েছে, টিম বিদেশ মন্ত্রকের পক্ষ থেকে বিদেশ সচিব বিক্রম মিসরিকে স্বাগত, তাঁর সফল মেয়াদের জন্য শুভেচ্ছা।৫৯ বছর বয়সী মিসরি তিনজন প্রধানমন্ত্রীর (ইন্দের কুমার গুজরাল, মনমোহন সিং ও নরেন্দ্র মোদী) ব্যক্তিগত সচিব হিসেবে দায়িত্ব সামলেছেন। ১৯৬৪ সালে শ্রীনগরে জন্ম তাঁর, ছোটবেলার প৷৷শোনা গোয়ালিয়রে। দিল্লি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ হিন্দু কলেজ থেকে ইতিহাসে স্নাতক হন তিনি। পরে এমবিএও করেন।

আরও দু'জনের মৃত্যুর পর অসমে বন্যায় নিহত ৯৩, হিমন্তের সঙ্গে কথা অমিত শাহের

নয়াদিল্লি ও গুয়াহাটি, ১৫ জুলাই ঃ অসমে বন্যায় মৃতের সংখ্যা বেড়েই চলেছে। আরও দু'জনের মৃত্যুর পর অসমে বন্যায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৯৩। বিগত ২৪ ঘন্টায় করিমগঞ্জ জেলায় মৃত্যু হয়েছে দু'জনের। অসম রাজ্য দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জানিয়েছে, রবিবার করিমগঞ্জ জেলায় একটি শিশু-সহ দুই জনের মৃত্যু হয়েছে এবং মোট মৃতের সংখ্যা ৯৩-এ পৌঁছেছে।বন্যায় খুবই খারাপ অবস্থা অসমে, এই পরিস্থিতিতে সোমবার অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মার সঙ্গে ফোনে কথা বলেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তাঁকে কেন্দ্রের পক্ষ থেকে সমস্ত ধরনের সাহায্যের আশ্বাস দিয়েছেন অমিত শাহ। এছাড়াও উত্তর প্রদেশ এবং গুজরাটের মুখ্যমন্ত্রীদের সঙ্গেও কথা বলেছেন অমিত শাহ। উভয় রাজ্যে বর্ধিত জলস্তর সম্পর্কে খোঁজখবর নিয়েছেন। তিনি মুখ্যমন্ত্রীদের কেন্দ্রীয় সহায়তার পাশাপাশি জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর সহায়তা দেওয়ার আশ্বাস দিয়েছেন।

মহারাষ্ট্রের রায়গড়ে দুর্ঘটনার কবলে যাত্রীবোঝাই বাস, কমবেশি আহত ৪ জন

রায়গড়, ১৫ জুলাই ঃ প্রবল বৃষ্টির মধ্যেই বাস উল্টে জখম হলেন ৪ জন যাত্রী। সোমবার দুর্ঘটনাটি ঘটেছে মহারাষ্ট্রের রায়গড় জেলায়। জানা গিয়েছে, সোমবার সকালে মহারাষ্ট্র জাতীয় স৷ক পরিবহন কর্পোরেশনের বাসটি আলিবাগ থেকে পানভেল যাচ্ছিল। রায়গড়ের কাছাকাছি আসতেই নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায় সেটি। আহতদের উদ্ধার করে পাঠানো হয় হাসপাতালে। বাসটিতে ৪৫ থেকে ৫০ জন যাত্রী ছিলেন বলে অনুমান পুলিশের। আহতদের নিকটবর্তী হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাসের অন্যান্য যাত্রীরাও কমবেশি আহতহয়েছেন বলে জানা গিয়েছে।

প্রবল বৃষ্টি দিল্লিতে,জলমগ্ন হয়ে পড়ল জাতীয় রাজধানী

নয়াদিল্লি, ১৫ জুলাই ঃ আবারও প্রবল বৃষ্টিতে ভিজল রাজধানী দিল্লি। সোমবার জাতীয় রাজধানীর প্রায় সর্বত্রই বেশ কিছু সময় ধরে ভারী বৃষ্টি হয়। এই বৃষ্টির ফলে রাজধানীর বিভিন্ন রাস্তায় জল জমে যায়। তবে, কোথাও যানবাহন চলাচল সেভাবে প্রভাবিত হয়নি। বৃষ্টির জন্য গাড়ির গতি একটু শ্লথ হয়ে যায়।এদিন সকালে দিল্লি নর্থ এভিনিউ, যোধপুর হাউস, জনপথ, পন্ডিত পন্ত মার্গ সর্বত্রই বৃষ্টি হয়েছে। সিভিল লাইন্স এলাকায় রাস্তায় জলও জমে যায়। বৃষ্টি হয়েছে দিল্লির চাঁদনি চক

বুলেটে দিয়ে নয়, মতপার্থক্যের জবাব ব্যালট বক্সে দিনঃজো বাইডেন

ওয়াশিংটন, ১৫ জুলাই ঃ বুলেট দিয়ে নয়, মতপার্থক্যের জবাব ব্যালট বক্সে দিন। ডোনাল্ড ট্রাম্পের ওপর হামলার নিন্দা করে দেশবাসীর উদ্দেশ্যে এই মন্তব্য করলেন আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন। দেশবাসীকে শান্ত থাকার বার্তা দিয়ে জো বাইডেন বলেছেন, আমেরিকানরা একে অপরের শত্রু নয়, বন্ধু। যতই মতবিরোধ থাকুক না কেন।''দেশবাসীর উদ্দেশে দেওয়া ভাষণে বাইডেন বলেন, 'বুলেট দিয়ে নয়, মতপার্থক্যের জবাব ব্যালট বক্সে দিন।' বাইডেন আরও বলেন, 'এখন শান্ত থাকতে হবে। মনে রাখতে হবে, আমাদের মধ্যে যতই মতবিরোধ থাকুক না কেন আমেরিকান হিসাবে আমরা একে অপরের বন্ধু, সহকর্মী।' হিংসার পথ থেকে সরে আসার আহ্বান জানিয়েছেন বাইডেন। একই সঙ্গে সকলকে সংযত থাকতে বলেছেন।

প্রশান্ত মহাসাগরীয় অংশীদারদের সঙ্গে সহযোগিতা বাড়াতে প্রতিশ্রুতিবদ্ধ ভারতঃএস জয়শঙ্কর

নয়াদিল্লি, ১৫ জুলাইঃ প্রশান্ত মহাসাগরীয় অংশীদারদের সঙ্গে সহযোগিতা বাড়াতে প্রতিশ্রুতিবদ্ধ ভারত। জোর দিয়ে বললেন বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর। মার্শাল দ্বীপপুঞ্জে চারটি কমিউনিটি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য স্বাক্ষরিত সমঝোতা স্মারকে বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর সোমবার বলেছেন, ভারতের পক্ষ থেকে নমস্কার।তিনি বলেছেন, ভারত এবং মার্শাল দ্বীপপুঞ্জের মধ্যে বন্ধুত্বপূর্ণ দ্বিপাক্ষিক সম্পর্কের দীর্ঘ ইতিহাস রয়েছে, যা ভারত প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জ সহযোগিতা ফোরামের তত্ত্বাবধানে বিস্তৃত হয়েছে। চারটি কমিউনিটি উন্নয়ন প্রকল্পের মধ্যে আমি আনন্দিত যে এই প্রকল্পগুলি একটি কমিউনিটি স্পোর্টস সেন্টার, বিমানবন্দর টার্মিনাল, কমিউনিটি সেন্টার-সহ এলাকাগুলিকে বেষ্টিত করে... এইগুলি অবশ্যই মার্শাল দ্বীপপুঞ্জের জনগণকে আরও ভাল অবকাঠামো প্রদান করবে।

নিজেকে 'রাজাকার'বলে স্লোগান রাষ্ট্রদ্রোহিতার শামিল, অবিলম্বে এদের শাস্তির আওতায় আনার দাবি

ঢাকা, ১৫ জুলাই ঃ ' তুমিকে আমি কে, রাজাকার-রাজাকার', প্রকাশ্যে স্লোগান দেওয়া মুক্তিযুদ্ধের চেতনা এবং বাংলাদেশের ইতিহাসের প্রতি গভীর অসম্মান প্রদর্শন। এ ধরনের স্লোগানকারীদের অবিলম্বে শাস্তির আওতায় আনার দাবি জানিয়েছে মুক্তিযোদ্ধার সন্তানদের প্রতিনিধিত্বকারী সংগঠন 'আমরা মুক্তিযোদ্ধার সন্তান'।সংগঠনের কেন্দ্রীয় সভাপতি মহম্মদ সাজ্জাদ হোসেন এবং সাধারণ সম্পাদক রাশেদুজ্জামান শাহিন সোমবার এক বিবৃতিতে বলেছেন, ' নিজেকে রাজাকার, রাজাকার স্লোগান দেওয়া, মুক্তিযুদ্ধের সময় যারা রাজাকার হিসেবে কাজ করেছে তাদের পক্ষে দাঁড়ানো এবং মুক্তিযোদ্ধাদের অবদানের প্রতি অবজ্ঞা প্রকাশের শামিল। এ ধরনের কার্যকলাপ রাষ্ট্রদ্রোহিতার শামিল। কারণ এটি জাতির সংহতি এবং মূল্যবোধের ওপর আঘাত হানে।'তাঁরা বলেন, বাংলাদেশের সংবিধান ও আইন অনুযায়ী, মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতি এবং রাজাকারদের সমর্থনকারী কার্যকলাপ আইনত অপরাধ হিসেবে বিবেচিত। এজন্য সরকার এবং আইনপ্রয়োগকারী সংস্থাগুলির উচিত, এ ধরনের কার্যকলাপের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা এবং জাতীয় সংহতি ও মুক্তিযুদ্ধের চেতনা রক্ষার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া।নেতৃবৃন্দ বলেন, ' গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি, বেশ কিছুদিন ধরে কোটা বিরোধী আন্দোলনের নামে ৭১-এর পরাজিত শক্তির প্রেতাত্মা গোষ্ঠী মহান মুক্তিযুদ্ধ, ৩০ লক্ষ শহিদ, বীর মুক্তিযোদ্ধা ও তাঁদেরকে পরিবারকে নানাভাবে অপমান অপদস্থ করা হচ্ছে। বিষয়টি প্রধানমন্ত্রীর নজরে এলে তিনিও এ বিষয়ে উষ্মা প্রকাশ করেছেন।'কিন্তু ঢাকা বিশ্ববিদ্যালয়ের মতো জায়গায় থেকে রাতের আঁধারে পরিত্যক্ত ও প্রত্যাখ্যাত রাজনৈতিক গোষ্ঠীর ছত্রচ্ছায়ায় কতিপয় বিভ্রান্ত শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের চেতনা ও আদর্শ-বিরোধী বালখিল্য কর্মকাণ্ড এবং রাজাকার রাজাকার স্লোগান আমাদের ভাবিয়ে তুলেছে। এরা সময়ে-অসময়ে বিভ্রান্তিকর তথ্য উপস্থাপন করে জাতিকে বিভক্ত করার অপচেষ্টা করছে। ঐতিহাসিকভাবে মীমাংসিত বিষয়কে অমীমাংসিত করার চেষ্টা করছে। এখানে আমরা দেশের বিরুদ্ধে গভীর ষড়যন্ত্র দেখতে পাচ্ছি, বলেন নেতৃবৃন্দ।মুক্তিযোদ্ধার সন্তানরা অবিলম্বে রাজাকারের তালিকা প্রণয়ন করে এদের পরবর্তী প্রজন্মকে সরকারি বেসরকারি সকল চাকরিতে নিষিদ্ধ করার দাবি জানিয়েছেন।

ডোনাল্ড ট্রাম্পের ওপর হামলা, নিন্দা অসমের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্বের

গুয়াহাটি, ১৫ জুলাই ঃপ্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ওপর হামলার তীব্র নিন্দা করেছেন অসমের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা। পেনসিলভানিয়ার বাটলারে এক সমাবেশে ট্রাম্পের ওপর হামলার পর মুখ্যমন্ত্রী ড. শর্মা বলেন, ডানপন্থী নেতারা উগ্র বামপন্থীদের সক্রিয় লক্ষ্যবস্তুতে পরিণত হচ্ছেন। তবে এ ধরনের আক্রমণ 'জাতি প্রথম' মতাদর্শকে ক্ষুণ্ণ করতে পারবে না।মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব আরও বলেন, সনাতন দর্শন ' জন্মভূমি চ স্বর্গাদপি গড়িয়সী'-র প্রতিধ্বনি করে। তিনি বলেন, উগ্র বামপন্থীদের সক্রিয় লক্ষ্যবস্তুতে পরিণত হয়েছেন ডানপন্থীরা।মাইক্রোব্লগিং সাইট এক্স-এ অসমের মুখ্যমন্ত্রী লিখেছেন, ' বা অন্যভাবে, বিশ্বজুড়ে ডানপন্থী নেতারা এখন উগ্র বামপন্থীদের সক্রিয় লক্ষ্যবস্তু। তবে এ সব হামলা ' প্রথম' (ন্যাশন ফার্স্ট) আদর্শকে পরাজিত করতে পারবে না। এটি গভীর আধ্যাত্মিকতায় নিহিত এবং ' জন্মভূমি চ স্বর্গাদপি গড়িয়সী' সনাতন দর্শনে অনুপ্রাণিত।''ঐদিকে, ঘটনার পরিপ্রেক্ষিতে শক্তঃ অবস্থান নেওয়ায় ডোনাল্ড ট্রাম্পকে শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা।

পরম্পরাগত সংস্কৃতির বহমান ধারাকে পরবর্তী প্রজন্মের হাত ধরে এগিয়ে নিয়ে যেতে পারলেই সমাজ সমৃদ্ধ হবেঃমুখ্যমন্ত্রী

আগরতলা, ১৫ জুলাই ঃ গত রবিবার পুরাতন আগরতলাস্থিত চতুর্দশ দেবতা মন্দির প্রাঙ্গণে সাত দিনব্যাপী খার্চি উৎসব ও প্রদর্শনীর আনুষ্ঠানিক সূচনা করেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডা. মানিক সাহা। উদ্বোধকের ভাষণে মুখ্যমন্ত্রী বলেন, ভারতবর্ষের কৃষ্টি-সংস্কৃতি প্রাচীন ও সমৃদ্ধ। পরম্পরাগত এই কৃষ্টি ও সংস্কৃতি আমাদের ঐতিহ্য। ঐতিহ্যের এই বহমান ধারাকে পরবর্তী প্রজন্মের হাত ধরে এগিয়ে নিয়ে যেতে পারলেই আরও সমৃদ্ধ হবে আমাদের সমাজ ও সংস্কৃতি।মুখ্যমন্ত্রী বলেন, এবারের খার্চি উৎসব ও প্রদর্শনীর সূচনা রবিবার ছুটির দিনে শুরু হওয়ায় উসবের শেষ দিন অর্থা ২০ জুলাই সরকারি ছুটি ঘোষণা করা হয়েছে। পুণ্যার্থীরা যাতে খার্চি মেলাকে ভালোভাবে উপভোগ করতে পারেন তার জন্যই এই উদ্যোগ। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, এবারের খার্চি উসব ও প্রদর্শনীর মূল ভাবনা হচ্ছে 'সবুজই ভবিষ্য', যা খুবই তাৎপর্যপূর্ণ ও প্রাসঙ্গিক। প্রসঙ্গক্রমে তিনি সম্প্রতি রাজ্যে একটি কর্মসূচিতে ৫ মিনিটে ৫ লক্ষ গাছ রোপণ করার বিষয়টির কথা উল্লেখ করেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজন্য আমলে রাজারা প্রকৃতিকে শ্রদ্ধা ও পূজা করতেন। মুখ্যমন্ত্রী আরও বলেন, চতুর্দশ দেবতাব৷রি খার্চি উৎসবে রাজ্যের জাতি-জনজাতি সহ সকল অংশের মানুষ সমবেত হন। রাজ্যের মানুষ অধীর আগ্রহে অপেক্ষায় থাকেন এই উৎসবের জন্য। জাতি-জনজাতি নির্বিশেষে সকল অংশের মানুষের মেলবন্ধন ঘটে এই উৎসবে। সৌভ্রাতৃত্ব ও ঐতিহ্যের সেতু বন্ধন আরও সুদৃ। হয়।অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, খার্চি উৎসব কমিটির চেয়ারম্যান বিধায়ক রতন চক্রবর্তী, বিধায়ক রামপদ জমাতিয়া, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিধায়ক দীপক মজুমদার, পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজি শীল, সমাজসেবী অমিত কুমার নন্দী প্রমুখ।

সংগাঠনিক অক্ষমতার কথা প্রকাশ্যে স্বীকার করল রাজ্য বিজেপি

কলকাতা, ১৫ জুলাই, ঃ এই মুহূর্তে দাঁড়িয়ে শাসকদলের বিরুদ্ধে ভোটে লড়াই করার মতো সংগঠন বিজেপির নেই। এটা অস্বীকার করতে আমাদের লজ্জা নেই। গত শনিবার পশ্চিমবঙ্গের চার বিধানসভার উপনির্বাচনে পর্যদুস্ত হয়ে একথা স্বীকার করলেন বিজেপির রাজ্যসভার সাংসদ তথা মুখপাত্র শমীক ভট্টাচার্য।চব্বিশের লোকসভা নির্বাচনের লক্ষ্যমাত্রা থেকে বহু দূরে থমকে গিয়েছিল বিজেপির বিজয়রথের চাকা। বিয়াল্লিশে মাত্র ১২ পেয়ে তাদের 'হাতে রইল পেনসিল'! রাজ্যের চার বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনেও গেরুয়া শিবির ব্যর্থতার ধারাবাহিকতা বজায় রেখেছে। চারের মধ্যে তাদের প্রাপ্তি পুরোপুরি শূন্য।বিধানসভায় জেতা আসনও বিজেপি-র থেকে ছিনিয়ে নিয়েছেন ঘাসফুল শিবিরের প্রার্থীরা। মানিকতলা, বাগদা, রানাঘাট দক্ষিণ, রায়গঞ্জ- চার কেন্দ্রেই তৃণমূল প্রার্থীদের জয়জয়কার। গত শনিবার এই ফলাফল প্রকাশের পরই অবশ্য সাংবাদিক বৈঠক করে নিজেদের সাংগঠনিক ব্যর্থতার কথা স্বীকার করে নিলেনশমীকবাবু। তাঁর স্পষ্ট বক্তব্য, আমরা পারিনি সে ধরনের সংগঠন তৈরি করতে। এটা আমাদের ব্যর্থতা।''তবে ভোট লুট নিয়ে তৃণমূলের দিকে অভিযোগের আঙুল তুলতে ছাড়লেন না তিনি। বাগদা ও রানাঘাট দক্ষিণের মানুষকে জোর করে, ভয় দেখিয়ে শাসকের পক্ষে ভোট দেওয়ানো হয়েছে বলে অভিযোগ তাঁর।চার আসনের মধ্যে একমাত্র মানিকতলা ছাড়া বাকি তিনটিই ছিল বিজেপির দখলে। সেসব আসন থেকে গড়ে ৪০ থেকে ৫০ হাজার নিশ্চিহ্ন হয়ে গিয়েছে পদ্মফুল। রায়গঞ্জ, রানাঘাট দক্ষিণ, বাগদা- সর্বত্র সবুজঝড়। কিন্তু একুশের বিধানসভা নির্বাচনে এখানকার ফলাফল মাত্র তিন বছরে এতটা বদলে গেল কেন? কেন জেতা আসনেও হারের গ্লানি সহ্য করতে হল বিজেপিকে? তার অন্যতম কারণ যে প্রার্থী বাছাই, তা নিয়ে কোনও সংশয় নেই।একমাত্র মানিকতলায় কল্যাণ চৌবে ছাড়া তিন আসনের বিজেপি প্রার্থীরা বিশেষ পরিচিত নয়। বাগদার প্রার্থী বিনয়কুমার বিশ্বাসকে নিয়ে দলের অন্দরেই অসন্তোষ ছিল। অন্যদিকে, বিজেপি ছেড়ে তৃণমূলে যাওয়া রায়গঞ্জের কৃষ্ণ কল্যাণী বা রানাঘাট দক্ষিণের মুকুটমণি অধিকারীরা জয় ছিনিয়ে নিয়েছেন নিজেদের ঔজ্জ্বল্যে।বাগদা ও রানাঘাট দক্ষিণের হার নিয়ে শমীক ভট্টাচার্যর বক্তব্য, ''আজকের সময় ভোটের সংগঠন বলতে যেটা বোঝায় সেটা আমরা তৈরি করতে পারিনি। বোমা-পিস্তলের পালটা তো বোমা, লাঠিতে হয় না। তবে এগুলোকে প্রতিহত করার জন্য যে ধরনের সংগঠন দরকার সেটা আমরা তৈরি করতে পারিনি।শমীকবাবুর দাবি, যেভাবে সন্ত্রাসের মধ্য দিয়ে ভোট হয়েছে বা ভোট হয় বাংলায়, সেটা বুঝতে হবে। এধরনের ফল দলগতভাবে আমাদের প্রত্যাশিত ছিল।'' কেন এই দুই জায়গায় ব্যবধান এত কমল, তা দলীয় স্তরে খতিয়ে দেখা হবে। সুকান্ত-শুভেন্দুরা কী বলবেন?বাংলার চার

হিমাচলের হামিরপুরে জয়ী বিজেপি সুখুর স্ত্রী জিতলেন দেহরায়, কংগ্রেসের জয় নালাগড়ে

শিমলা, ১৫ জুলাই ঃ হিমাচল প্রদেশের হামিরপুর বিধানসভা আসনে জয়ী হলেন বিজেপি প্রার্থী আশিস শর্মা। কংগ্রেসের পুস্পেন্দ্র বর্মাকে দেড় হাজার ভোটে হারালেন তিনি। ২০২২ সালের বিধানসভা ভোটে ওই কেন্দ্রে কংগ্রেস এবং বিজেপি প্রার্থীকে হারিয়ে নির্দল প্রার্থী হিসাবে জিতেছিলেন আশিস। সম্প্রতি বিধায়ক পদে ইস্তফা দিয়ে তিনি বিজেপিতে যোগ দেওয়ায় ওই আসনে উপনির্বাচন হয়েছিল।হিমাচল প্রদেশের দেহরা বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে জিতলেন মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখুর স্ত্রী কমলেশ ঠাকুর। ৯,৩৯৯টি ভোটের ব্যবধানে জিতেছেন সুখুর স্ত্রী। দু'বারের বিধায়ক ও বিজেপি প্রার্থী হোশিয়ার সিংকে প্রত্যাখ্যান করলেন ভোটাররা। কমলেশ ঠাকুর পেয়েছেন ৩২,৭৩৭টি ভোট, হোশিয়ার পেয়েছেন ২৩,৩৩৮টি ভোট। ২০২২ সালের বিধানসভা ভোটে ওই কেন্দ্রে কংগ্রেস এবং বিজেপি প্রার্থীকে হারিয়ে জিতেছিলেন হোশিয়ার। গত বছর বিধায়ক পদে ইস্তফা দিয়ে তিনি বিজেপিতে যোগ দেওয়ায় ওই আসনে উপনির্বাচন হয়।কংগ্রেসের জয় নালাগড়েও। এই জয় প্রসঙ্গে কংগ্রেস নেতা বিক্রমাদিত্য সিং বলেছেন, এটি জনগণের জনাদেশ। বিজেপি যেভাবে অন্যান্য রাজ্যে নির্বাচিত সরকারগুলিকে পতন ঘটাচ্ছিল, হিমাচল প্রদেশেও তারা একই কাজ করার চেষ্টা করেছিল। কিন্তু হিমাচল প্রদেশের জনগণ শিক্ষিত...এবার তারা কংগ্রেসকে সুস্পষ্ট জনাদেশ দিয়েছে এবং রাজ্যে আমাদের সরকারকে শক্তিশালী করেছে...কংগ্রেস আসন্ন নির্বাচনেও রাজ্যে ভালো করবে।

পিটিআই-কে নিষিদ্ধ করতে চলেছে পাক সরকার, ইমরানের বিরুদ্ধে দেশদ্রোহের মামলা

ইসলামাবাদ, ১৫ জুলাই ঃ পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের দল পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই)-কে নিষিদ্ধ করার সিদ্ধান্ত নিয়েছে পাকিস্তান সরকার। পাকিস্তানের তথ্যমন্ত্রী আতাউল্লাহ তারার সোমবার জানিয়েছেন, পাকিস্তান সরকার প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের দল পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই)-কে নিষিদ্ধ করার সিদ্ধান্ত নিয়েছে।তিনি আরও জানান, ৯ মে-র ঘটনাতে প্রাক্তন ক্ষমতাসীন দলের জড়িত থাকা এবং আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) সঙ্গে পাকিস্তানের চুক্তিতে পিটিআই-এর প্রাক্তন বা বর্তমান নেতাদের চক্রান্ত সংক্রান্ত কারণে এই সিদ্ধান্ত নেওয়া হচ্ছে। দেশদ্রোহের মামলাও হতে পারে ইমরান খানের বিরুদ্ধে।

মুক্তিযোদ্ধাদের নাতিপুতিরা পাবে না, রাজাকারদের নাতিপুতিরা কি পাবে?, বাংলাদেশে সরকারি চাকরিতে কোটা প্রসঙ্গে প্রশ্ন প্রধানমন্ত্রী হাসিনার

ঢাকা, ১৫ জুলাই ঃ বাংলাদেশে সরকারি চাকরিতে বীর মুক্তিযোদ্ধাদের নাতি-নাতনিরা কোটা সুবিধা পাবে না, তা-হলে কি রাজাকারের নাতি-নাতনিরা কোটা সুবিধা পাবে? প্রশ্ন তুলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।বাংলাদেশে সরকারি চাকরিতে কোটা ব্যবস্থাকে নিয়ে উত্তাল রাজধানী। ঢাকা বিশ্ববিদ্যালয়ের হাজার হাজার ছাত্রছাত্রী গত কয়েকদিন ধরে পরিস্থিতি উত্তাল করে তুলেছে। গতকাল রবিবার গোটা দিন বিশ্ববিদ্যালয় এবং সংলগ্ন এলাকা ছিল উত্তাল। রাতে আন্দোলনকারী ছাত্রদের সঙ্গে বেজায় সংঘর্ষ হয়েছে পুলিশের।কোটাকে কেন্দ্র করে উদ্ভূত পরিস্থিতিতে বিরক্ত প্রধানমন্ত্রী হাসিনার প্রশ্ন, মহান মুক্তিযুদ্ধ ও বীর মুক্তিযোদ্ধাদের বিরুদ্ধে এত ক্ষোভ কেন? মুক্তিযোদ্ধার নাতি-নাতনিরা কোটার আওতায় না এনে কি রাজাকারের নাতি-পুতিরা কোটা পাবে? তা তো আমরা দিতে পারি না।প্রধানমন্ত্রী আরও বলেন, বীর মুক্তিযোদ্ধাদের বিরুদ্ধে কথা বলার অধিকার তাদের কে দিয়েছে? যাঁরা দেশকে স্বাধীন করার জন্য জীবনপণ লড়েছেন, তাঁদের বিরুদ্ধে কথা বলার সাহস তারা পায় কী করে? মুক্তিযুদ্ধ তাদের এখন ভালো লাগে না, আশ্চর্য।

এই নিয়ে চতুর্থবার, ফের নেপালের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিলেন কে পি শর্মা ওলি

কাঠমান্ডু, ১৫ জুলাই ঃনেপালের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিলেন কে পি শর্মা ওলি। সোমবার বেলা এগারোটা নাগাদ কাঠমান্ডুর মহারাজগঞ্জের শীতল নিবাসে (রাষ্ট্রপতির দফতর) আয়োজিত শপথ গ্রহণ অনুষ্ঠানে নেপালের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন কে পি শর্মা ওলি। এই নিয়ে চতুর্থবার নেপালের প্রধানমন্ত্রী হলেন ওলি।নেপালের রাষ্ট্রপতি রামচন্দ্র পৌডেল এদিন কমিউনিস্ট পার্টি অফ নেপাল ইউনিফাইড মার্কসিস্ট লেনিনিস্ট-এর চেয়ারম্যান কে পি শর্মা ওলিকে প্রধানমন্ত্রী হিসেবে শপথবাক্য পাঠ করান। উল্লেখ্য, গত শুক্রবার হাউস অফ রিপ্রেসেন্টেটিভে আস্থা ভোটে পুষ্প কমল দাহাল (প্রচন্ড) পরাজিত হন। এরপর ওলি নেপালি কংগ্রেসের সভাপতি শের বাহাদুর দেউবাকে সঙ্গে নিয়ে ১৬৫ জন সাংসদের স্বাক্ষরিত চিঠি রাষ্ট্রপতির কাছে জমা দিয়ে সরকার গঠনের দাবি জানান।

বিএসএনএল-এর কাছে সুবর্ণ সুযোগ, পোর্ট করা গ্রাহকের সংখ্যা ক্রমাগত বাড়ছেই

BSNL

কলকাতা, ১৫ জুলাইঃ বিভিন্ন বেসরকারি মোবাইল পরিষেবা সংস্থাগুলি এক ধাক্কায় মাশুল অনেকটাই বাড়িয়ে দেওয়ায় রাষ্ট্রায়ত্ত সংস্থা ভারত সঞ্চার নিগম লিমিটেড (বিএসএনএল)-এর সামনে ব্যবসা বৃদ্ধির নতুন সম্ভাবনার দরজা খুলে গিয়েছে। বিএসএনএল-এর কাছে এখন সুবর্ণ সুযোগ বলাই যেতে পারে। একই সঙ্গে ফোর জি পরিষেবা চালু হওয়া এবং মাশুল হার অপরিবর্তিত থাকার কারণে বহু গ্রাহক বিএসএনএল-এর দিকে ঝুঁকছেন।শুধুমাত্র পয়লা জুলাই থেকে এ পর্যন্ত গোটা রাজ্যে ৫২ হাজারের বেশি গ্রাহক নতুন বিএসএনএল কানেকশন নিয়েছেন। অন্য সংস্থার থেকে পোর্ট করে বিএসএনএলএ আসা গ্রাহকের সংখ্যা ১৪,৫০৬। এই সময় শুধুমাত্র কলকাতা সার্কেলে ১৬ হাজার ৫০০ জন বিএসএনএল মোবাইল সংযোগ নিয়েছেন। যার মধ্যে ৫৮০০ মানুষ এসেছেন অন্যান্য সংস্থার সংযোগ ছেড়ে। গ্রাহকদের পরিষেবা দেওয়ার জন্য পরিকাঠামো ঢেলে সাজাচ্ছে বিএসএনএল।

দিল্লির ময়ূর বিহারে ক্যাফেতে আগুন, দমকলের চেষ্টায় এল আয়ত্তে

নয়াদিল্লি, ১৫ জুলাই ঃ রাজধানী দিল্লিতে আবারও অগ্নিকাণ্ড! এবার আগুন লাগল দিল্লির ময়ূর বিহার ফেস ২ এলাকায় অবস্থিত একটি ক্যাফেতে। আগুন লাগে পোশাক তৈরির দোকানেও। নীলম মাতা মন্দিরের কাছে অবস্থিত ওই ক্যাফে ও দোকানে আগুন লাগে রবিবার রাতে। দমকলের ২৩টি ইঞ্জিন ও দমকল কর্মীদের অক্লান্ত চেষ্টায় আগুন আয়ত্তে এসেছে। তবে, বেলা এগারোটা নাগাদও ধোঁয়া বেরোতে দেখা যায়।দিল্লি দমকলের ডেপুটি চিফ ফায়ার অফিসার এস কে দুয়া বলেছেন, দিল্লি ফায়ার সার্ভিস রবিবার রাত ১১.৪০ মিনিট নাগাদ ক্যাফেতে আগুন লাগার বিষয়ে জানতে পারে। দমকলের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছলে দেখা যায়, আগুন বহুতলের সর্বত্রই ছড়িয়ে পড়েছে। এই অগ্নিকাণ্ডে এখনও কোনও হতাহতের খবর পাওয়া যায়নি, তবে আমাদের একজন দমকল কর্মী আহত হয়েছেন। আমরা তাঁকে হাসপাতালে পাঠিয়েছি।

তীর্থযাত্রীদের আরও একটি দলের অমরনাথের উদ্দেশ্যে রওনা, নিরাপত্তা আঁটোসাঁটোই

জম্মু, ১৪ জুলাই ঃ সুষ্ঠু ও নির্বিঘ্নেই চলছে বার্ষিক অমরনাথ যাত্রা। সোমবার সকালে অমরনাথের পবিত্র গুহা মন্দিরের উদ্দেশ্যে রওনা হয়েছে তীর্থযাত্রীদের আরও একটি দল। ৪,৮৭৫ জন পুন্যার্থীর আরেকটি দল অমরনাথ দর্শনে জম্মুর ভগবতী নগর যাত্রী নিবাস থেকে রওনা হয়েছে।কড়া নিরাপত্তা বেষ্টনীতে গাড়িতে চেপে পুণ্যার্থীরা রওনা হন। এই দলে ৩ হাজার ৪৬৪ জন পুরুষ, ১,৩৩৩ জন মহিলা, ১৪ জন শিশু রয়েছে। এর মধ্যে ১,৯১৮ জন বালতাল এবং ২,৯৫৭ জন পহেলগাঁও বেস ক্যাম্পের উদ্দেশে যাচ্ছেন। সেখান থেকে তাঁরা পবিত্র গুহা মন্দিরের উদ্দেশে যাত্রা করবেন।

ভারী বৃষ্টির জের, বিহারে আবার ভাঙলো সেতু

পাটনা, ১৫ জুলাই ঃ বিহারে সেতু ভাঙার ঘটনা অব্যাহত। এবার ভেঙে পড়ল গয়ার গুলস্করি নদীর উপর অবস্থিত একটি সেতু। ভারী বৃষ্টির জেরে সেতুটি ভেঙে পড়েছে বলে সোমবার জানা গেছে।জানা গেছে, বিহারের ভগবতী গ্রাম এবং শর্মা গ্রামের মধ্যে যোগাযোগের মাধ্যম ছিল ওই সেতুটি। সেটি ভেঙে পড়ায় হতাশ স্থানীয়রা। সেতু ভেঙে যাওয়ায় নদীর দুই পাড়ে অবস্থিত দুই গ্রামের মধ্যে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে। গ্রামবাসীদের বক্তব্য, ওই সেতু পেরিয়েই পড়ুয়ারা স্কুলে যেত। সেতুটি ভেঙে যাওয়ায় এখন স্কুলে যাওয়ার জন্য পু৷য়াদের বেগ পেতে হবে বলে জানিয়েছেন তাঁরা। উল্লেখ্য, বিগত এক মাসের মধ্যে বিহারে একাধিক সেতু ভাঙে। তাই নিয়ে নীতীশ-সরকারকে নিশানা করেছেন বিরোধীরা।

অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৮৬ ডলারের কাছাকাছি, পেট্রোল এবং ডিজেলের দাম স্থিতিশীল

নয়াদিল্লি, ১৫ জুলাই ঃ আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম বাড়ছে। ব্রেন্ট ক্রুডের দাম প্রায় ৮৬ ডলার এবং ডব্লিউটিআই ক্রুড প্রায় ৮৩ ডলার প্রতি ব্যারেল। সোমবার পেট্রোল এবং ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি (পিএসইউ)।আন্তর্জাতিক বাজারে, সপ্তাহের প্রথম দিনে, ব্র্যান্ড ক্রুড ০.১১ ডলার বা ০.১৩ শতাংশ বেড়ে ৮৫.১৪ ডলারে লেনদেন করছে এবং ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) অপরিশোধিত ব্যারেল প্রতি ০.১৬ ডলার বা ০.১৯ শতাংশ বেড়ে ৮২.৩৭ ডলারে লেনদেন করছে।ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, নয়াদিল্লিতে পেট্রোলের দাম ৯৪.৭২ টাকা, ডিজেল ৮৭.৬২ টাকা, মুম্বইতে পেট্রোল ১০৩.৪৪ টাকা, ডিজেল ৮৯.৯৭ টাকা, কলকাতায় পেট্রোল ১০৪.৯৫ টাকা, ডিজেল ৯১.৭৬ টাকা, চেন্নাইয়ে পেট্রোল ১০০.৭৫ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৯২.৩৪ টাকায় পাওয়া যাচ্ছে।

কেদারনাথ থেকে উধাও ২২৮ কেজি সোনা, বিস্ফোরক অভিযোগ জ্যোতির্মঠ শঙ্করাচার্যের

মুম্বই, ১৫ জুলাইঃ বিস্ফোরক অভিযোগ করলেন জ্যোতির্মঠ শঙ্করাচার্য স্বামী অভিমুক্তেশ্বরানন্দ। সোমবার তিনি বলেছেন, কেদারনাথ থেকে উধাও হয়ে গিয়েছে ২২৮ কেজি সোনা। দিল্লিতে কেদারনাথ মন্দির নির্মাণ প্রসঙ্গে মন্তব্য করতেই ক্ষোভে ফেটে পড়েন জ্যোতির্মঠ শঙ্করাচার্য স্বামী অভিমুক্তেশ্বরানন্দ। এদিন মুম্বইয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেছেন, কেদারনাথে সোনা কেলেঙ্কারি হয়েছে, সেই প্রসঙ্গ উঠছে না কেন? সেখানে কেলেঙ্কারি করার পর এখন দিল্লিতে কেদারনাথ তৈরি হবে? এবং তারপর আরেকটি কেলেঙ্কারি হবে। কেদারনাথ থেকে ২২৮ কেজি সোনা উধাও। কোনও তদন্ত শুরু হয়নি। এর জন্য দায়ী কে?... এখন বলছে তারা দিল্লিতে কেদারনাথ নির্মাণ করবে, এটা হতে পারে না।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

৩০ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ, সোমবার, ইংরেজীঃ১৫ জুলাই ২০২৪, ৫৩৮ চৈতনাব্দ, কলিঃ৫১২৫, সৌরঃ৩১ আষাঢ়, চান্দ্রঃ৯ শ্রীধর মাস, ১৯৪৬ শকাব্দ ২০৮১ বিক্রম সাম্ব, ২৫৬৮ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ৩১ আষাঢ় ১৪৩১, ভারতীয় সিভিলঃ ২৪ আষাঢ় ১৯৪৬, মৈতৈঃ৯ ইঙেন, আসামঃ৩০ আহার, মুসলিমঃ৮-মুহররম-১৪৪৬ হিজরী। সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ০৩ঃ৫৩ এবং অস্তঃ বিকাল ০৬ঃ২০ঃ৫৯।চন্দ্র উদয়ঃ সকাল ১২ঃ৫০ঃ৫৬(১৫) এবং অস্তঃরাত্রি ১২ঃ০৯ঃ৫৩(১৫)।শুক্ল পক্ষ ।তিথিঃনবমী (রিক্তা) বিকাল ঘ ০৩ঃ৩৮ঃ১২ দং ২৬২৫৩২.৫ পর্যন্তনক্ষত্রঃস্বাতী রাত্রিঃ০৯ঃ৫৯ঃ ২৭ দং ৪২১৮৪০ পর্যন্ত পরে বিশাখাকরণঃকৌলব বিকাল ঘ ০৩ঃ ৩৮ঃ১২ দং ২৬২৫৩২.৫ পর্যন্ত পরে তৈতিলযোগঃসাধ্যঅমৃতযোগঃদিন ০৮ঃ৩৬ঃ৩২ থেকে - ১০ঃ২২ঃ৪৯ পর্যন্ত এবং রাত্রি ০৯ঃ১২ঃ৩১ থেকে - ১২ঃ০৩ঃ৫৮ পর্যন্ত, তারপর ০১ঃ ২৯ঃ৪১ থেকে - ০২ঃ৫৫ঃ২৪ পর্যন্ত। মহেন্দ্রযোগঃরাত্রি ০৩ঃ৩৮ঃ ১৬ থেকে - ০৪ঃ২১ঃ০৭ পর্যন্ত। কুলিকবেলাঃদিন ০২ঃ৪৮ঃ৩১ থেকে - ০৩ঃ৪১ঃ৪০ পর্যন্ত। কুলিকরাত্রিঃ০১ঃ২৯ঃ৪১ থেকে - ০২ঃ১২ঃ৩২ পর্যন্ত। বারবেলাঃদিন ০৩ঃ০১ঃ৪৮ থেকে - ০৪ঃ৪১ঃ২৭ পর্যন্ত। কালবেলাঃদিন ০৬ঃ৪৩ঃ৩৭ থেকে - ০৮ঃ২৩ঃ১৫ পর্যন্ত। কালরাত্রিঃ১০ঃ২২ঃ১০ থেকে - ১১ঃ৪২ঃ৩২ পর্যন্ত।গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ২২৯১১২ (৭) ৩ পদচন্দ্রঃ ৬২২১৯৩৮ (১৬) ১ পদমঙ্গলঃ০২৯৪৩৭ (৩) ১ পদবুধ ৩২৩৫৪৬০ (৯) ৩ পদবৃহস্পতিঃ ১১৭৪৮৩২ (৪) ৩ পদশুক্রঃ ৩১০৫৬৪ (৮) ৩ পদ০শনিঃ ১০২২১২৩৭ (২৫) ১ পদরাহুঃ ১১১৮৩২২৬ (২৭) ১ পদকেতুঃ ৫১৮৩২২৬ (১৩) ৩ পদ শনি বক্রি।লগ্নঃমিথুন রাশি সকাল ০৫ঃ ০৬ঃ১৩ পর্যন্ত। কর্কট রাশি সকাল ০৭ঃ২১ঃ৫৬ পর্যন্ত। সিংহ রাশি সকাল ০৯ঃ৩৩ঃ১৭ পর্যন্ত। কন্যা রাশি সকাল ১১ঃ৪৩ঃ২৯ পর্যন্ত। তুলা রাশি দুপুর ০১ঃ৫৭ঃ৩৯ পর্যন্ত। বৃশ্চিক রাশি বিকাল ০৪ঃ১৩ঃ২২ পর্যন্ত। ধনু রাশি বিকাল ০৬ঃ১৮ঃ ৪০ পর্যন্ত। মকর রাশি সন্ধ্যা ০৮ঃ ০৫ঃ৩৪ পর্যন্ত। কুম্ভ রাশি রাত্র ০৯ঃ ৩৮ঃ৫৯ পর্যন্ত। মীন রাশি রাত্র ১১ঃ১০ঃ০৩ পর্যন্ত। মেষ রাশি রাত্রি ১২ঃ৫০ঃ৩৬ পর্যন্ত। বৃষ রাশি শেষ রাত্রি ০২ঃ৪৮ঃ৫৮ পর্যন্ত।

আবহাওয়া

বর্ষা প্রবেশ করলেও দক্ষিণবঙ্গে চলতি সপ্তাহেও ভারী বৃষ্টির পূর্বাভাস নেই। সারা সপ্তাহ ধরে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। মহানগরীর সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬.২ ডিগ্রি সেলসিয়াস। সর্বনিম্ন ২২.৫ ডিগ্রি সেলসিয়াস। আপেক্ষিক আর্দ্রতা ৮৮ শতকরা এবং ৬৫ শতকরা। জোয়ার-সকাল ৭টায় বেং রাত ৮টায়। ভাটা-সকাল ৭টায় এবং রাত ৮ টায়। সূর্য উদয় হবে ঃ৪ টে ৫৮ মিনিট এবং অস্ যাবে ৬ টা ২৩ মিনিটে।

রাশিফল

মেষরাশিঃ যাঁরা সমাজ জীবনে পরিচিত তাঁরা এমন কিছু করবে না যাতে বদনাম হয়।বন্ধুর সহায়তায় নতুন গাড়ি কেনার সুযোগ আসবে

বৃষ রাশিঃশারীরিক অসুস্থতাকে অবহেলা করা ঠিক হবে না। ব্যবসায়ীরা শুল্ক-সংক্রান্ত সমস্যায় পড়তে পারেন।

মিথুন ঃস্ত্রীর কাছ থেকে কোনও সুখবর পেতে পারেন। এই সময় প্রতিকূল পরিস্থিতির পরিবর্তন যোগ বিদ্যমান।

কর্কট রাশি ঃ সকর্মে অর্থ ব্যয় করে মানসিক শান্তি। রাগ ও আবেগ নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করুন।

সিংহ রাশিঃসন্তানের কুকীর্তির জন্য প্রতিবেশীদের কাছে বদনাম হতে পারে।

কন্যা রাশিঃ কর্মক্ষেত্রে যোগ্যতা ও অভিজ্ঞতার সুফল পাবেন। নতুন ব্যবসার জন্য কঠোর পরিশ্রম করতে হবে।

তুলারাশিঃ ব্যবসায়ীদের আটকে থাকা টাকা উদ্ধার হতে পারে। শিক্ষার্থীদের পরীক্ষার ফল ভালো করার জন্য কঠোর পরিশ্রম করতে হবে।

বৃশ্চিক রাশি ঃ নব-বিবাহিতদের দাম্পত্য সুখ বজায় থাকবে।

ধনু রাশি ঃ সমাজ-কল্যাণমূলক কাজের মাধ্যমে আপনার নাম, যশ ও সামাজিক ও প্রতিষ্ঠা বৃদ্ধি পাবে। ঘরে-বাইরে নিজের রাগ সংযত না রাখলে আশঙ্কা।

মকর রাশিঃরাজনীতিবিদরা জনহিতকর কাজে নিজেকে যুক্ত করুন।

কুম্ভ রাশি ঃ পুরনো বন্ধুর সঙ্গে আবার নতুনভাবে যোগাযোগ সৃষ্টি হবে। ।

মীন রাশিঃব্যবসায়ীদের স্বামী-স্ত্রীর যৌথ প্রচেষ্টায় ব্যবসায় উন্নতির যোগ।বিবাহিত জীবন সুখে হবে।

হাওড়ার রাস্তায় পড়ে রক্তাক্ত যুবক, জগাছার ঘটনায় চাঞ্চল্য

দুরন্ত বার্তা, হাওড়া, ১৫ জুলাই ঃ রবিবার রাতে হাওাার জগাছা থানা এলাকার অরবিন্দ রোডে এক যুবককে রক্তাক্ত অবস্থায় রাস্তায় পড়ে থাকতে দেখেন স্থানীয় মানুষজন। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছায়িয়ে পড়ে। প্রথমে খবর রটে যায় গুলি চালানো হয়েছে যুবককে লক্ষ্য করে। জগাছা থানার পুলিশ ঘটনাস্থলে আসে। ওই যুবককে উদ্ধার করে হাওড়া জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। আসেন উচ্চপদস্থ পুলিশ আধিকারিকরা। পুলিশ সূত্রে জানা গেছে, ওই যুবকের নাম প্রীতম পারাল। হাওড়ার আমতার খরদা এলাকার বাসিন্দা তিনি। যুবক গুরুতর জখম হলেও ওর শরীরে কোন বুলেট ইনজুরি নেই বলে পুলিশ জানায়। গোটা ঘটনার তদন্ত শুরু হয়েছে। ঠিক কি কারণে ওই যুবক জখম হলেন তা খতিয়ে দেখা হচ্ছে। এলাকার সিডিটিভি ফুটেজ খতিয়ে দেখছে পুলিশ। এদিকে, সোমবার সকালে ওই যুবককে কলকাতার হাসপাতালে স্থানান্তরিত করা হয় বলে জানা গেছে।

তারকেশ্বরে শ্রাবণী মেলা উপলক্ষে

পূর্ব রেলওয়ে ইএমইউ স্পেশাল ট্রেন চালাবে

দুরন্ত বার্তা, কলকাতা, ১৫ জুলাই ঃ তারকেশ্বরের শ্রাবণী মেলা পশ্চিমবঙ্গের সাংস্কৃতিক ও ধর্মীয় নির্ঘণ্টর একটি গুরুত্বপূর্ণ অংশ যা অসংখ্য ভক্তদের আকর্ষণ করে, যারা শিবের আশীর্বাদ নিতে এবং ভক্তি ও ঐক্যের আবহে নিজেকে নিমগ্ন করতে আসেন। শ্রাবণ (জুলাই-আগস্ট) মাসে মেলা অনুষ্ঠিত হয় শিবের 'জলাভিষেক' এর জন্য। পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্ত থেকে ভক্তরা শিবের 'জলাভিষেক' এর জন্য তারকেশ্বরে আসেন। শ্রাবণী মেলার সময়, তারকেশ্বর এবং শেওড়াফুলি স্টেশনে প্রচুর ভক্তদের ঢল দেখা যায়, যারা উৎসব ও ধর্মীয় রীতিতে অংশ নিতে আসেন। ভক্তদের প্রয়োজনের কথা বিবেচনা করে, পূর্ব রেলওয়ের হাওড়া বিভাগ শ্রাবণী মেলা উপলক্ষে তারকেশ্বরে ছয় (৬) জোড়া অতিরিক্ত ইএমইউ স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে যা হাওড়া-তারকেশ্বর শাখায় সব রবিবার, সোমবার এবং অন্যান্য উৎসবের দিনগুলিতে চলবে। হাওড়া থেকে তারকেশ্বর পর্যন্ত যাত্রীদের নিয়ে যাওয়ার জন্য, ইএমইউ স্পেশাল ট্রেনগুলি হাওড়া থেকে সকাল ০৪,০৫ এবং দুপুর ১২,৫০ এ ছাড়বে এবং যথাক্রমে সকাল ০৫,৩৫ এবং দুপুর ০২,২০ এ তারকেশ্বরে পৌঁছাবে। একই ভাবে, শিব দর্শনের পর ভক্তদের হাওড়া ফেরত নিয়ে আসার জন্য, ইএমইউ স্পেশাল ট্রেনগুলি তারকেশ্বর থেকে সকাল ১০,৫৫ এবং রাত ০৯,১৭ এ ছাড়বে এবং যথাক্রমে দুপুর ১২,৩০ এবং রাত ১০,৪৫ এ হাওড়ায় পৌঁছাবে। এছাড়াও, শেওড়াফুলি থেকে সাধারণত পবিত্র গঙ্গার জল তারকেশ্বরে জলাভিষেকের জন্য নিয়ে যাওয়ার গুরুত্ব বিবেচনা করে, পূর্ব রেলওয়ে শেওড়াফুলি এবং তারকেশ্বরের মধ্যে ইএমইউ স্পেশাল ট্রেনের ব্যবস্থা করেছে। শেওড়াফুলি - তারকেশ্বর ইএমইউ স্পেশাল শেওড়াফুলি থেকে সকাল ০৬,৫৫, সকাল ০৯,২০, বিকেল ০৪,২০ এবং সন্ধ্যা ০৭,৪০ এ ছাড়বে এবং যথাক্রমে সকাল ০৭,৪৫, সকাল ১০,১৫, বিকেল ০৫,১০ এবং রাত ০৮,৩০ এ তারকেশ্বরে পৌঁছাবে। অপরদিকে, তারকেশ্বর-শেওড়াফুলি ইএমইউ স্পেশাল তারকেশ্বর থেকে সকাল ০৫,৫৫, সকাল ০৮,১০, দুপুর ০২৫০ এবং সন্ধ্যা ০৬৪০ এ ছাড়বে এবং যথাক্রমে সকাল ০৬৪৫, সকাল ০৯,০৩, বিকেল ০৩,৪০ এবং সন্ধ্যা ০৭,৩০ এ শেওড়াফুলিতে পৌঁছাবে। পূর্ব রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক শ্রী কৌশিক মিত্র জানিয়েছেন, নিয়মিত ট্রেনের পাশাপাশি, এই ইএমইউ স্পেশাল ট্রেনগুলি তারকেশ্বরে শ্রাবণী মেলার সময় সব রবিবার, সোমবার এবং অন্যান্য উৎসবের দিনগুলিতে চালানো হবে, যেমন ১৭.০৭.২০২৪, ২১.০৭.২০২৪, ২২.০৭.২০২৪, ২৮.০৭.২০২৪, ২৯.০৭.২০২৪, ০৪.০৮.২০২৪, ০৫.০৮.২০২৪, ১১.০৮.২০২৪, ১২.০৮.২০২৪, ১৫.০৮.২০২৪, ১৮.০৮.২০২৪ ১৯.০৮.২০২৪। এই বিশেষ ট্রেনগুলি রুটের সব স্টেশনে থামবে।

নারীর জন্য কোটার দাবিতে সরব তসলিমা

দুরন্ত বার্তা, কলকাতা, ১৫ জুলাই ঃ সরকারি চাকরিতে কোটা বাতিল দাবিতে উত্তাল ঢাকা! সরকারের বিরুদ্ধে পথে নেমেছেন শিক্ষার্থীরা। এই অবস্থায় নারীর জন্য কোটার দাবিতে সরব হলেন বাংলাদেশের নির্বাসিত লেখিকা তসলিমা নাসরিন। সোমবার দুপুরে তিনি সামাজিক মাধ্যমে লিখেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শত শত ছাত্র ছাত্রী ভয়ঙ্কর স্লোগান দিয়ে মিছিল বের করেছে। তারা কি বাধ্য হচ্ছে এমন স্লোগান দিতে? তারা চাকরিতে কোটার বিরোধিতা করছে। নানা রকম কোটার বিরোধিতা পৃথিবীর নানা দেশে মানুষ করেই। এ নতুন কিছু নয়। মুক্তিযোদ্ধাদের নাতি নাতনিরাও কোটার সুবিধে পাবে, এ হয়তো একটু বাড়াবাড়িই। তসলিমা লিখেছেন, অনেক মুক্তিযোদ্ধার পরিবারেই মোল্লাতন্ত্রকে সমর্থন করার লোক পাওয়া যায়। যারা মুক্তিযুদ্ধ করেনি, তাদের পরিবারে রাজাকারে থিকথিক করছে, তা তো সত্যি নয়। কোটার বিরোধিতা করা মানে তো রাজাকারি করা নয়। তবে যে কোটা অবশ্যই থাকা দরকার, তা নারী কোটা। নারীকে আদিকাল থেকে কুসিত পুরুষতান্ত্রিক প্ল্যান অনুযায়ী শিক্ষা এবং স্বনির্ভরতা থেকে বঞ্চিত করা হয়েছে, সে কারণে নারীর জন্য কোটাটা জরুরি। প্রসঙ্গত, সংরক্ষণের দাবি নিয়ে সারাদেশে বৈষম্যবিরোধী ছাত্ররা প্রতিনিধি বৈঠক করছেন। তাঁদের দাবি, কোটা বিরোধী ইস্যু নিয়ে সংসদে আইন পাস না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাবেন।

টোঙ্গানি টি কোম্পানি লিমিটেড

সিআইএনঃ এল০১১৩২ডব্লুবি১৮৯৩পিএলসি০০০৭৪২
১৫বি, হেমন্ত বসু সরানী, ৩য় তল, কলকাতা-৭০০০০১
ফোন নম্বরঃ ২২৪৮৭৬৮৫, ফ্যাক্স নম্বর ০৩৩ ২২১০০৫৪১
ই-মেইলঃ info@tonganitea.com,
ওয়েবসাইটঃ www.tonganitea.com

বিজ্ঞপ্তি

নোটিশ এতদ্বারা দেওয়া হল যে ২০২৩-২৪ আর্থিক বছরের জন্য টঙ্গানি টি কোম্পানি লিমিটেডের সদস্যদের ১৩১ তম বার্ষিক সাধারণ সভা শুক্রবার, ৯ই আগস্ট, ২০২৪ তারিখে বিকাল ৩,০০পিএম -এ (আইএসটি) ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে অনুষ্ঠিত হবে (কোম্পানি আইন, ২০১৩ ('অ্যাক্ট') এবং সেবি এবং এমসিএ সার্কুলার নং ২০ / ২০২০, ১০/ ২০২২ দ্বারা জারি করা অন্যান্য প্রযোজ্য সার্কুলারগুলির বিধানগুলির সাথে সম্মতিতে ভিসি বা অন্যান্য অডিও ভিজ্যুয়াল মাধ্যম(ওএভিএম) ০৯ / ২০২৩ তারিখ যথাক্রমে ৫ মে, ২০২০, ২৮ই ডিসেম্বর, ২০২২ এবং ২৫ই সেপ্টেম্বর, ২০২৩ এবং ২৪ মে, ২০২৪ তারিখের বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তিতে বর্ণিত ব্যবসায় লেনদেনের জন্য এমসিএ দ্বারা জারি করা অন্যান্য সার্কুলার। উল্লিখিত সার্কুলার গুলির পরিপ্রেক্ষিতে, ৩১ মার্চ, ২০২৪ সমাপ্ত আর্থিক বছরের জন্য এজিএম এবং বার্ষিক প্রতিবেদনের বিজ্ঞপ্তিটি ই-মেইলের মাধ্যমে নিবন্ধিত শেয়ার হোল্ডারদের ই-মেইল আইডিতে পাঠানো হয়েছে যাদের আইডি কোম্পানি বা কোম্পানিতে নিবন্ধিত। রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) বা অন্যান্য ডিপোজিটরি অংশগ্রহণ কারী (গুলি) এবং এটি ১৫ই জুলাই, ২০২৪ তারিখে সম্পন্ন হচ্ছে।

যারা সদস্য তাদের ই-মেইল ঠিকানা এবং মোবাইল নম্বর নিবন্ধন করেননি। ডিম্যাট আকারে শেয়ারের ক্ষেত্রে অনুগ্রহ করে যোগাযোগ করুন এবং ডিপির সাথে তাদের বিশদ যাচাই আপডেট করতে পারেন এবং প্রকৃত আকারে শেয়ার ধারণকারী সদস্যদের নিবন্ধক এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট বা কোম্পানির সাথে আপডেট করার জন্য অনুরোধ করা হচ্ছে।

কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ১০৮ অনুযায়ী কোম্পানি (ব্যবস্থাপনা ও প্রশাসন) সংশোধনী বিধিমালা, ২০১৫ এর বিধি ২০ এর সাথে পড়া, কোম্পানি তার শেয়ারহোল্ডারদেরকে উল্লিখিত সমস্ত রেজোলিউশনে ইলেকট্রনিক উপায়ে তাদের ভোট দেওয়ার সুবিধা প্রদান করতে পেরে আনন্দিত। বিজ্ঞপ্তিতে কোম্পানি আইন, ২০১৩ এবং বিধিগুলির বিধান অনুসারে বিশদ বিবরণ এখানে দেওয়া হলঃ

ক) দূরবর্তী ই-ভোটিং শুরুর তারিখ এবং সময়ঃ ৬ই আগস্ট, ২০২৪ সকাল ৯.০০ এ
খ) দূরবর্তী ই-ভোটিং শেষ হওয়ার তারিখ এবং সময়ঃ ৮ই আগস্ট, ২০২৪ বিকাল ৫.০০ মিনিটে।
গ) কাট-অফ তারিখঃ ২রা আগস্ট, ২০২৪।
ঘ) বিনিয়োগকারীরা যারা পরবর্তীতে কোম্পানির সদস্য হয়েছেন এবং কাট-অফ তারিখ অর্থাৎ ২শে আগস্ট, ২০২৪-এ শেয়ার ধারণ করেছেন, তাদের ফোলিও নম্বর ডিপি উল্লেখ করে কোম্পানির কাছে investorcare@tonganitea.com-এ তাদের যোগাযোগ পাঠাতে অনুরোধ করা হচ্ছে। ই-ভোটিংয়ের জন্য লগইন-আইডি এবং পাসওয়ার্ড পেতে আইডি এবং ক্লায়েন্ট আইডি।
ঙ) বিকাল ৫.০০ টার পরে দূরবর্তী ই-ভোটিং অনুমোদিত হবে না। ৮ই আগস্ট, ২০২৪-এ।
চ) একজন সদস্য দূরবর্তী ই-ভোটিং এর মাধ্যমে তার ভোট দেওয়ার অধিকার প্রয়োগ করার পরেও সভায় অংশগ্রহণ করতে পারেন তবে সভায় পুনরায় ভোট দেওয়ার অনুমতি দেওয়া হবে না।
ছ) একজন ব্যক্তি যার নাম শুধুমাত্র কাট-অফ তারিখে সদস্যদের রেজিস্টারে বা ডিপোজিটরিদের দ্বারা রক্ষণাবেক্ষণ করা সুবিধাভোগী মালিকদের রেজিস্টারে নথিভুক্ত করা হয়েছে, তিনি দূরবর্তী ই-ভোটিংয়ের পাশাপাশি ভোট দেওয়ার সুবিধা পাওয়ার অধিকারী হবেন সাধারণ সভায়।
জ) ইলেকট্রনিক ভোটিং সিস্টেমের মাধ্যমে ভোট দেওয়ার সুবিধাটিও ভিসিওএভিএম-এর মাধ্যমে এজিএম-এ উপলব্ধ করা হবে। শুধুমাত্র ভিসিওএভিএম-এর মাধ্যমে মিটিংয়ে অংশগ্রহণকারী সদস্যরা যারা ইতিমধ্যে দূরবর্তী ই-ভোটিং-এর মাধ্যমে ভোট দেননি তারাই মিটিং চলাকালীন তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। যে সদস্যরা এজিএমের আগে দূরবর্তী ই-ভোটিং দ্বারা রেজোলিউশন(গুলি) তাদের ভোট দিয়েছেন তারাও ভিসিওএভিএম-এর মাধ্যমে এজিএম-এ অংশগ্রহণের জন্য যোগ্য হবেন কিন্তু এই জাতীয় রেজোলিউশনে তাদের ভোট দেওয়ার অধিকারী হবেন না। একবার সদস্য দ্বারা একটি প্রস্তাবের উপর ভোট দেওয়া হলে, সদস্যকে পরবর্তীতে এটি পরিবর্তন করার অনুমতি দেওয়া হবে না।
ট) ১৩১তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট ww.tonganitea.com এবং সিডিএসএল-এর ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে www.evotingindia.com
ড) ইলেকট্রনিক ভোটিং নির্দেশাবলীর জন্য, শেয়ারহোল্ডাররা ১৩১ তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তির নির্দেশাবলীর মধ্য দিয়ে যেতে পারেন এবং ইলেকট্রনিক ভোটিং এর সাথে সম্পর্কিত যেকোন প্রশ্ন অভিযোগের ক্ষেত্রে, শেয়ারহোল্ডাররা প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নগুলি(এফএকিউএস) এবং ই-ভোটিং উল্লেখ করতে পারেন শেয়ারহোল্ডারদের জন্য ব্যবহারকারীর ম্যানুয়াল এখানে পাওয়া যায় www.evotingindia.com সহায়তা বিভাগের অধীনে অথবা শ্রী অরিন্দম রায়চৌধুরী, কোম্পানি সেক্রেটারি, ১৫বি, হেমন্ত বসু সরণি, ৩য় তলা, কলকাতা-৭০০ ০০১-এর সাথে যোগাযোগ করুন বা একটি ইমেল লিখুন investorcaretonganitea.com বা ৯১-৩৩-২২৪৮৭৬৮৫ কল করুন।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়েছে যে কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ৯১ অনুসারে সময়ে সময়ে সংশোধিত কোম্পানি (ব্যবস্থাপনা ও প্রশাসনিক) বিধিমালা ২০১৪-এর নিয়ম ১০ এবং সেবি-এর প্রবিধান ৪২ (লিস্টিং বাধ্যবাধকতা এবং প্রকাশের প্রয়োজনীয়তা) প্রবিধান ৫২০ ১৩১ তম বার্ষিক সাধারণ সভার উদ্দেশ্যে কোম্পানির সদস্যদের নিবন্ধন এবং শেয়ার স্থানান্তর বই ৩রা আগস্ট, ২০২৪ থেকে ৯ই আগস্ট, ২০২৪ পর্যন্ত (উভয় দিন সহ) বন্ধ থাকবে।

টোঙ্গানি টি কোম্পানি লিমিটেডের জন্য
সাক্ষর /-
অরিন্দম রায়চৌধুরী
(কোম্পানি সচিব)
সদস্য সংখ্যা এ৩৭৬০২

তারিখঃ ১৫ই জুলাই, ২০২৪
স্থানঃ কলকাতা

কলকাতা-সহ সব জেলাতেই বৃষ্টির ঘাটতি

দুরন্ত বার্তা, কলকাতা, ১৫ জুলাই ঃ বর্ষা প্রবেশ করলেও দক্ষিণবঙ্গে চলতি সপ্তাহেও ভারী বৃষ্টির পূর্বাভাস নেই। সারা সপ্তাহ ধরে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। তাতে যদিও বৃষ্টির ঘাটতি মিটবে না। কলকাতায় এখনও পর্যন্ত বৃষ্টির ঘাটতি ৪২ শতাংশ। দক্ষিণবঙ্গে সব থেকে বেশি বৃষ্টির ঘাটতি নদিয়ায়। আগামী শনিবার পর্যন্ত দক্ষিণবঙ্গের সব জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে বৃষ্টি হবে বিক্ষিপ্ত ভাবে। জেলার সব জায়গায় বৃষ্টি হবে না। কোনও জেলায় সতর্কতা জারি করা হয়নি। উত্তরবঙ্গের সব জেলায় চলতি সপ্তাহে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

কুলতলিতে আসামিকে ধরতে গিয়ে আক্রান্ত পুলিশ চলল গুলি, আটক দুই মহিলা

দুরন্ত বার্তা, কুলতলি, ১৫ জুলাই ঃ দক্ষিণ ২৪ পরগনার কুলতলিতে আসামিকে গ্রেফতার করতে গিয়ে আক্রান্ত হল পুলিশ। পুলিশকে লক্ষ্য করে গুলি চালানোর অভিযোগ উঠেছে। ঘটনাটি ঘটেছে কুলতুলি থানা এলাকার জালাবেড়িয়া ২ গ্রাম পঞ্চায়েতের পয়তারহাট এলাকায়। বারুইপুর পুলিশ জেলার পুলিশ সুপার পলাশ চন্দ্র ঢালি জানান, অভিযান চালানোর সময় এই ঘটনা ঘটেছে। তবে ঘটনায় কেউ আহত হয়নি। পুলিশকে লক্ষ্য করে বন্দুক দেখানো হয় বলে জানান তিনি। পুলিশ সূত্রে জানা গিয়েছে, প্রতারণার সাথে যুক্ত সাদ্দাম লস্করকে গ্রেফতার করার জন্য যায় পুলিশ। সাদ্দাম সোনার ঠাকুর বিক্রি করার নামে প্রতারণা করে। কেউ কেনার জন্য গেলে তার সর্বস্ব লুঠ করত। এই রকমই একটি ঘটনার তদন্তে নেমে তল্লাশি অভিযানে গেলে আক্রান্ত হয়। এই ঘটনায় দুই মহিলাকে আটক করেছে পুলিশ। ঘটনাস্থলে আরও অতিরিক্ত ফোর্স পাঠানো হচ্ছে। সোমবার সকালেই এই ঘটনা ঘটে। উল্লেখ্য, কুলতলি এলাকায় দীর্ঘদিন ধরেই সোনার ঠাকুর বিক্রির নামে একাধিক প্রতারণা চক্র সক্রিয় রয়েছে। অনেকেই প্রতারিত হচ্ছেন দিনের পর দিন। কিছুদিন আগেই একটি প্রতারণা চক্রকে হাতেনাতে ধরে কুলতলি থানার পুলিশ। সোশ্যাল মিডিয়ায় প্রলোভন দেখিয়ে দেবতার সোনার মূর্তি বিক্রির ফাঁদ পেতে চলত এই প্রতারণা। ব্যাগ ভর্তি টাকা নিয়ে ক্রেতারা হাজির হলে সেই টাকা লুঠ করে পালায় দুষ্কৃতীরা। নির্দিষ্ট জায়গায় প্রতিমা নেওয়ার জন্য ডেকে পাঠান হত ওই ক্রেতাকে। মূর্তি নিতে নির্দিষ্ট জায়গায় ওই ক্রেতা পোঁছলে তাদের সর্বস্ব লুঠ করত প্রতারকরা। বারুইপুর পুলিশ জেলার পুলিশ সুপার পলাশ চন্দ্র ঢালি জানান, পুলিশি অভিযান চালানোর সময় এই ঘটনা ঘটেছে। তবে ঘটনায় কেউ আহত হয়নি। তবে তল্লাশি অভিযানের পর প্রতারণা চক্রের সঙ্গে যুক্ত সন্দেহে দুই মহিলাকে আটক করেছে পুলিশ। ঘটনাস্থলে আরও অতিরিক্ত ফোর্স পাঠানো হচ্ছে। ধৃত দুই মহিলাকে জিজ্ঞাসাবাদ করে বাকিদের খোঁজে তল্লাশি চালানো হচ্ছে।

এসইআর সেন্ট্রাল হাসপাতাল পালন করল প্লাস্টিক এবং পুনর্গঠন সার্জারি সপ্তাহ

কলকাতা, ৫ জুলাই ঃ ভারত দ্বারা প্রথমে প্লাস্টিক সার্জারি দিবস হিসাবে মনোনীত করা হয়েছিল এবং পরবর্তীকালে সারা বিশ্বের প্লাস্টিক সার্জনরাও এটিকে বিশ্ব প্লাস্টিক সার্জারি দিবস হিসাবে গ্রহণ করেছিলেন। অ্যাসোসিয়েশন অফ প্লাস্টিক সার্জন অফ ইন্ডিয়া ৮ থেকে ১৫ জুলাই পর্যন্ত সপ্তাহটিকে প্লাস্টিক সার্জারি সপ্তাহ হিসাবে মনোনীত করেছে। সপ্তাহব্যাপী উদযাপনের অংশ হিসেবে, সেন্ট্রাল হাসপাতাল, গার্ডেন রিচ ১২ই জুলাই, ২০২৪-এ একটি রোগী সচেতনতা কর্মসূচির আয়োজন করে। এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অ্যাসোসিয়েশন অফ প্লাস্টিক সার্জনস অফ ইন্ডিয়ার প্রাক্তন সভাপতি অধ্যাপক সিতি রায়চৌধুরী। এটি এসই এর প্লাস্টিক সার্জারি বিভাগের ২৫ তম বার্ষিকীও ছিল। প্রফেসর সিতি রায়চৌধুরীর অধীনে এসএসকেএম হাসপাতালে প্রশিক্ষণ নেওয়ার পর ১৯৯৯ সালে ডাঃ অঞ্জনা মালহোত্রা রেলওয়ে চালু করেছিলেন। অনুষ্ঠানটি প্লাস্টিক সার্জারির সুযোগের একটি উপস্থাপনার মাধ্যমে শুরু হয় এবং সেন্ট্রাল হাসপাতাল, গার্ডেন রিচের কার্যক্রম প্রদর্শন করে। প্লাস্টিক সার্জারি দলের দ্বারা ত্বক দান এবং অঙ্গ-প্রত্যঙ্গ সংরক্ষণের বিষয়ে সচেতনতামূলক ভিডিও স্ক্রিনিং করা হয়েছিল। এটি একটি বিশেষ রোগীর প্রশংসা সেগমেন্ট দ্বারা অনুসরণ করা হয়েছিল যেখানে রোগীদের যাদের জীবন প্লাস্টিক সার্জারির মাধ্যমে রূপান্তরিত হয়েছে তারা তাদের যাত্রা ভাগ করে নিয়েছে। ইভেন্টের এই অংশটি ব্যক্তিগত গল্প এবং প্রশংসাপত্রের উপর দৃষ্টি নিবদ্ধ করে, রোগীদের তাদের অভিজ্ঞতা শেয়ার করার জন্য একটি প্ল্যাটফর্ম প্রদান করে। প্লাস্টিক সার্জারি জন্মগত বিকৃতি যেমন ক্লেফ্ট ঠোঁট, সিন্ড্যাক্টিলি, হাতের আঘাত, পোড়া ইত্যাদির চিকিৎসা করে। অর্থোপেডিক ট্রমা পরবর্তী নরম টিস্যু কভারের জন্য এটি প্রয়োজন। ক্র্যানিওফেসিয়াল সার্জারি, মাইক্রোসার্জারিও প্লাস্টিক সার্জারির সাব-স্পেশালিটি। প্লাস্টিক সার্জনরা অঙ্গ প্রতিস্থাপন এমনকি হাত প্রতিস্থাপনও সঞ্চালন করেন। প্রোগ্রামটি বিশেষত্বের পরিধি এবং পরিসর এবং রোগীর জীবনে এর প্রভাব সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দেওয়ার জন্য অনেক দূর এগিয়েছে।

সাধুদের রাজনীতিচর্চা নিয়ে বার্তা তথাগতর

দুরন্ত বার্তা, কলকাতা, ১৫ জুলাই ঃ হিন্দু সাধুরা কেন রাজনীতির ধারেকাছে যেতে পারবেন না? এই প্রশ্ন তুলে প্রাক্তন রাজ্যপাল তথাগত রায় জানিয়েছেন, এই হতভাগ্য রাজ্যে রাজনীতির বাইরে কিছু হয় না। সেখানে সাধুদের অবশ্যই রাজনীতিচর্চা করতে হবে। সোমবার তিনি এক্স-বার্তায় লিখেছেন, এঁরা হিন্দু সন্ন্যাসী। পশ্চিমবঙ্গে হিন্দুরা আক্রান্ত। বাংলাদেশে, যেখানে ভারত সেবাশ্রমের জন্ম, সেখানে হিন্দুরা আক্রান্ত ও পরাভূত। এই অবস্থায় এঁরা হিন্দুধর্ম রক্ষার কাজে নামবেন না? আবার সেই দুরকম মাপকাঠি, সেই ভণ্ডামি। ভারতে শাহী ইমাম, বিদেশে আয়াতোল্লাহ খোমেইনী রাজনীতিতে ডুবে থাকতেন, কিন্তু হিন্দু সাধুরা রাজনীতির ধারে কাছে যেতে পারবেন না?

পুজোর কাউন্টডাউন শুরু, হাওড়ায় খুঁটিপুজো বিভিন্ন ক্লাবে

দুরন্ত বার্তা, হাওড়া, ১৫ জুলাই ঃ রবিবার সন্ধ্যায় মধ্য হাওড়ার হালদারপাড়া ফ্রেন্ডস অ্যাসোসিয়েশনের হীরক জয়ন্তী বর্ষ দুর্গোৎসবের খুঁটিপুজো অনুষ্ঠিত হয়। একই সঙ্গে এদিন ক্লাবের তরফ থেকে এক স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়। অনুষ্ঠানের সূচনা করেন রাজ্যের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন দপ্তরের মন্ত্রী অরূপ রায়। উপস্থিত ছিলেন হাওড়ার পুরসভার মুখ্য প্রশাসক ডাঃ সুজয় চক্রবর্তী, বাংলা দলের ক্রিকেটার অনুস্টুপ মজুমদার, সমাজসেবী সুশোভন চট্টোপাধ্যায়, অভিষেক চট্টোপাধ্যায়, চিকিসক ডাঃনিশীথ রঞ্জন চৌধুরী প্রমুখ। ক্লাবের সাধারণ সম্পাদক অভিষেক কর জানান, 'এবার ৬০তম বর্ষে পুজোর থিম 'অযান্ত্রিক'। এদিন ক্লাব প্রাঙ্গনে খুঁটিপুজো এর পাশাপাশি রবিবার সন্ধ্যায় হাওড়ার রামকৃষ্ণ এ্যাথলেটিক ক্লাবের ৫৩তম বর্ষ দুর্গোসবের খুঁটিপুজো অনুষ্ঠিত হয়। ওই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন দপ্তরের মন্ত্রী অরূপ রায়, হাওড়ার প্রাক্তন মেয়র পারিষদ সদস্য শ্যামল মিত্র, পুরসভার মুখ্য প্রশাসক ডাঃ সুজয় চক্রবর্তী, প্রাক্তন কাউন্সিলর মল্লিকা রায়চৌধুরী প্রমুখ।

IN THE PUBLIC TRUSTS REGISTRATION OFFICE BEFORE HON'BLE JOINT CHARITY COMMISSIONER, GREATER MUMBAI REGION, MUMBAI.

Dharmadaya Ayukta Bhavan, 1st Floor, Sasmira Building, Sasmira Road, Worli, Mumbai-400 030.

Application No. 43 of 2023

Under Section 47 of the Maharashtra Public Trust Act, 1950.
In the matter of **"Friends of the Trees"**
P.T.R. No. F-1307 *(Mumbai)*

Dr. Ashok Kothari .....**Applicant**

V / s

Mr. S.K. Patil & 9 ors .....**Opponents**

To,

1. S.K. Patil
   Shanti Kutir, Marine Drive, Mumbai-400 007
2. B.G. Ghade
   Sachivalaya Govt. of Maharashtra, Mumbai
3. Mrs. Lilavati Munshi
   Bhartiya Vidya Bhavan Chowpatty, Mumbai-400 007.
4. Mr. P.K. Savant
   Ramtek, Narayan Dhabhulkar Road, Mumbai-400 006.
5. Mr. J. C. Jain
   75, Walkeshwar Road, Mumbai-400 006.
6. Fr. Santapau
   Chief Botanist, 14, Madan Street, Calcutta 13.
7. Mr. G.P. Nair
   Bombay Drug House, Nayar Mahal, Tusli Pipe Road, Bombay-400 016.
8. Mr. Joseph John
   8, Bethania, Opp. Portuguese Church, Mumbai-400 028.
9. Dr. B. S. Navalkar
   Sai Bhavan 141, Princess Street, Mumbai-400 002.
10. Mr. A. N. Namjoshi
    Navyug Mansion, Sleator Road, Mumbai-400 007.

TAKE NOTICE THAT Applicants above named have filed an application Under Section 47 of the Maharashtra Public Trusts Act, 1950.

AND WHEREAS THE said matter has been fixed for hearing and for filing your written statement, if any, either yourself or through an advocate in this office on ***29th day of month July, 2024 at 11.00 a.m.*** before the Hon'ble Joint Charity Commissioner, Greater Mumbai Region, Mumbai.

If no appearance or written statement is filed on your behalf by your Pleader or by someone authorised by law to act for you, the matter will be heard and decide ex-parte on the final date of hearing in your absence.

Given Under my hand and the seal of the Hon'ble Joint Charity Commissioner, Greater Mumbai Region, Mumbai on this 10th day of month July, 2024.

Sd/-
Superintendent (J)
Pubic Trust Registration Office, Greater Mumbai Region, Mumbai

স্থানীয় পঞ্চায়েত সদস্যকে না জানিয়ে জয়নগরের উওর দূর্গাপুরে গ্রামের একটি রাস্তা তৈরি নিয়ে বিরোধ

দুরন্ত বার্তা, ,জয়নগর, ১৫ জুলাই ঃ স্থানীয় পঞ্চায়েত সদস্যকে না জানিয়ে গ্রামের একটি রাস্তা তৈরি নিয়ে বিরোধ জয়নগরে। গ্রামের একটি রাস্তা তৈরি নিয়ে গ্রাম বাসীদের সাথে স্থানীয় পঞ্চায়েতের বিরোধের পরে বর্তমানে রাস্তার কাজ বন্ধ।আর এই জটিল পরিস্থিতির পরে গ্রাম বাসীদের সাথে সোমবার কথা বললেন দঃ২৪ পরগনা জেলা কংগ্রেসের সভাপতি জয়ন্ত দাস।তিনি এদিন স্থানীয় পঞ্চায়েত সদস্যকে সঙ্গে নিয়ে এলাকার মানুষদের সাথে কথা বললেন। এবং তাদের পাশে থাকার আশ্বাস দেন।পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেল, জয়নগর থানার জয়নগর ১ নং ব্লকের উওর দূর্গাপুর পঞ্চায়েতের উওর দূর্গাপুর গ্রাম পঞ্চায়েত অফিসের কাছে একটি প্রাথমিক বিদ্যালয়ের মাঠের ওপর দিয়ে রাস্তা করা নিয়ে বিরোধ বাধে পঞ্চায়েতের সাথে এলাকার মানুষের।অভিযোগ ওঠে স্থানীয় পঞ্চায়েত সদস্য কংগ্রেসের লালু গাজীকে না জানিয়ে তৃনমূল পরিচালিত পঞ্চায়েত বোর্ড ঐ স্কুলের পাশে থাকা এক ব্যক্তিদের যাবার রাস্তা করে দিচ্ছে নিয়ম বহির্ভূত ভাবে।পঞ্চায়েত থেকে স্কুলের মাঠের যে দিক দিয়ে রাস্তা তৈরি করার সিদ্ধান্ত নেয় সেই দিক দিয়ে রাস্তাটি হলে মাঠটি নস্ট হয়ে যাবে,কারণ এই মাঠেতে স্কুলের পড়ুয়া থেকে শুরু করে পাড়ার ছোটরা খেলাধূলা করে।তাছাড়া ইসলামিক জলসা সহ একাধিক অনুষ্ঠান ও হয় এই মাঠে।তাই এলাকার মানুষ চায়, মাঠের শেষ প্রান্ত দিয়ে এই রাস্তাটি করা হোক।কারণ এই রাস্তাটি মাঠের শেষ দিক দিয়ে করলে মাঠের শেষ দিকে থাকা আই সি ডি এস সেঃ টারে আসা পুয়াদের যাতায়াত আরও ভালো হবে।তাছাড়া এখানে থাকা পাণীয় জলের কলে আসতে গ্রামবাসী দের সুবিধা হবে।কিন্তু পঞ্চায়েত থেকে ইতিমধ্যে ইট, বালি, সিমেন্ট মজুত করা হয়েছে।আর তাই এই রাস্তা তৈরিতে আপত্তি জানায় স্থানীয় মানুষজন। তাঁরা চায় মাঠটাকে নস্ট না করে রাস্তাটাকে মাঠের ধার দিয়ে করা হোক।কিন্তু সেই রাস্তার কাজ গত বুধবার সকালে শুরু হলে স্থানীয় মানুষদের সাথে গন্ডগোল শুরু হয়।আর তখন এই খবর পেয়ে জয়নগর থানার বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে চলে আসে এবং কাজ বন্ধ করে দিয়ে দুপক্ষকে নিয়ে জয়নগর থানায় আলোচনার বসার পরেও কোনো সমাধান সূত্র বের হয়নি। আর স্থানীয় কংগ্রেস সদস্যকে বাদ দিয়ে এই ভাবে বেআইনি ভাবে কাজ করতে পারে না বলে এদিন জয়নগরে এসে কংগ্রেসের জেলা সভাপতি জয়ন্ত দাস বলেন,কি কি পদ্ধতিতে এই কাজের টেন্ডার বের হল স্থানীয় পঞ্চায়েত সদস্যকে বাদ দিয়ে তার উত্তর দিতে হবে স্থানীয় পঞ্চায়েতকে, নিয়ম বহির্ভূত ভাবে এই রাস্তা কি ভাবে করা হচ্ছে তাও জনসমক্ষে আনতে হবে।এ বিষয়ে আমি বিডিও ও মহকুমা শাসকের সাথে কথা বলবো।উল্লেখ্য,২১ জন সদস্য নিয়ে এই পঞ্চায়েত গঠিত। যার মধ্যে তৃনমূল ১৫ টি ও কংগ্রেস ২ টি, এস ইউ সি ১ টি ও নির্দল ৩ টি আসন পায়।কংগ্রেস সদস্য লালু গাজী বলেন, সাধারণ মানুষের পাশে থেকে পঞ্চায়েতের এই রাস্তার বিরোধ করেছি। আমি সদস্য আমার না জানিয়ে কারুর ব্যক্তিগত বা।রি রাস্তার কাজ কি করে শুরু হয়।এলাকার মানুষ যা চাইছে সেটাই করা উচিত পঞ্চায়েতের। ইতিমধ্যে সাধারণ মানুষ এই রাস্তার কাজ বন্ধের জন্য বিডিও ও পঞ্চায়েতে গণ সাক্ষর জমা দিয়েছেন।

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The Executive Engineer (Electrical), Lighting, Zone-V, KMC invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/LTGV/115/24-25/L1 (1st Call)
Name of the work: **Improvement of existing street lighting system at Taramoni Ghat Road, Naskar Para Road, Muchipara Road and other different areas in Ward No.-115.** Estimated amount: ₹ **4,98,281.88.** Earnest money: ₹ **9,970.00.** Period of completion: **30 days.**

(2) NIT No. : KMC/LTGV/118/24-25/ARM1 (1st Call)
Name of the work: **Improvement of existing street lighting system by remodelling of existing poles and fittings at Bhukailash and other areas in Ward No.-118 under BR-XIII, KMC.** Estimated amount: ₹ **4,89,442.97.** Earnest money: ₹ **9,790.00.** Period of completion: **30 days.** Last date & time of submission of bid: **30.07.2024 (4 pm) (For Sl. No. 1 & 2).** The bid forms and other details are available on & from **16.07.2024 (4 pm) (For Sl. No. 1 & 2).**

(3) NIT No. : LTG/XIV/17/24-25/SSU
Name of the work: **Air conditioning of the Office of E. E (C) Br. XIII & XIV at 1st Floor, SSU Office Building.** Estimated amount: **Open quotation.** Earnest money: ₹ **3,600.00.** Period of completion: **15 days.**

(4) NIT No. : LTG/XIV/29/24-25/SSH
Name of the work: **Repairing and replacement of electrical accessories at Sarat Sadan in Ward No.-130.** Estimated amount: ₹ **2,94,237.00.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **15 days.** Last date & time of submission of bid: **25.07.2024 (3 pm) (For Sl. No. 3 & 4).** The bid forms and other details are available on & from **16.07.2024 (For Sl. No. 3 & 4).** The website: **https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 4).**

The Executive Engineer (Electrical), Lighting, Zone-I, KMC invites e-tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : LTG/52/WD-34/BR-III/Z-I/24-25
Name of the work: **Supply & delivery of LED lights at Beleghata Main Road and other places in Ward No.-34.** Estimated amount: ₹ **4,99,039.10.** Earnest money: ₹ **10,000.00.** Period of completion: **30 days.** Last date and time of submission of bid: **27.07.2024 (1 pm).** The bid forms and other details are available on & from **16.07.2024 (5 pm).**

(2) NIT No. : LTG/35/WD-20/BR-II/Z-I/24-25
Name of the work: **Repairing and replacement of lighting system at Nimtola Street and other places in Ward No.-20.** Estimated amount: ₹ **1,89,485.09.** Earnest money: ₹ **4,000.00.** Period of completion: **30 days.** Last date of submission of bid: **30.07.2024 at 3 pm.** The bid forms and other details are available on and from **16.07.2024 at 3 pm.**

(3) NIT No. : LTG/39/333/BR-II/Z-I/24-25
Name of the work: **Annual comprehensive maintenance work for split type air-conditioning machines at BR-II Office Building and other Institution under BR-II, KMC.** Estimated amount: ₹ **1,73,425.08.** Earnest money: ₹ **3,500.00.** Period of completion: **365 days.** Last date of submission of bid: **29.07.2024 (12 noon).** The bid forms and other details are available on & from **16.07.2024 (1 pm).** The website: **https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 3).**

The Executive Engineer (Electrical), Lighting, Zone-VI, KMC invites tender online two bid system for the following works:

(1) NIT No. : KMC/EE(E)/Z-VI/143/9/24-25
Name of the work: **Miscellaneous work for street lighting system at Dhalipara, Nazrul Sarani and different road due to Festival of Muharram-2024 in Ward No.-143.** Estimated amount: ₹ **2,84,020.00.** Earnest money: ₹ **5,700.00.** Period of completion: **7 days.**

(2) NIT No. : KMC/EE(E)/Z-VI/124/6/24-25
Name of the work: **Supply of electrical items of street lighting system at Netaji Pally, 64 Pally, Gour Nagar, Barobagan, R. N. Tagore Road, Vidyasagarpally and other different areas in Ward No.-124.** Estimated amount: ₹ **4,99,872.00.** Earnest money: ₹ **10,000.00.** Period of completion: **30 days.**

(3) NIT No. : KMC/EE(E)/Z-VI/124/7/24-25
Name of the work: **Improvement of street lighting system by energy efficient eco-friendly LED fittings at 27 Pally Road, Gour Nagar Road Bye Lane and other different areas in Ward No.-124.** Estimated amount: ₹ **4,79,628.00.** Earnest money: ₹ **9,600.00.** Period of completion: **21 days.** Last date and time of submission of bid: **25.07.2024 - 12 noon (For Sl. No. 1 to 3).** Date of tender opening for technical purpose: **27.07.2024 - 12 noon (For Sl. No. 1 to 3).** The bid forms and other details are available on and from **16.07.2024 (6 pm)** from the website **https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 3).**

The Executive Engineer (Electrical), Lighting, Zone-IV, BR-X, KMC invites tender online, two part bid system for the following work:

NIT No. : KMC/LTG/Z-IV/BR-X/36/24-25
Name of the work: **Development of street lighting system at Bechu Doctor Lane, Kamala Park and surrounding areas in Ward No.-91, BR-X.** Estimated amount: ₹ **1,88,445.80.** Earnest money: ₹ **4,000.00.** Period of completion: **20 days.** Last date and time of completion of bid: **24.07.2024 up to 12 noon.** The bid forms and other details are available on and from **12.07.2024 from 2 pm** from the website **https://etender.wb.nic.in**

The Executive Engineer (Electrical), Lighting, Zone-III, KMC invites open tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/LTG/Z-III/2024-2025/82
Name of the work: **Improvement of lights at A.J.C. Bose Road from Rowdon Street crossing to Gorky Terrace crossing in Ward No.-63, BR-VII.** Estimated amount: ₹ **4,98,092.61.** Earnest money: ₹ **10,000.00.** Period of completion: **30 days.**

(2) NIT No. : KMC/LTG/Z-III/2024-2025/83
Name of the work: **Replacement of damaged pump motor set at Gobra Burial Ground No. 1, 2 & 3 in Ward No.-59, BR-VII.** Estimated amount: ₹ **1,96,833.85.** Earnest money: ₹ **4,000.00.** Period of completion: **30 days.**

(3) NIT No. : KMC/LTG/Z-III/2024-2025/84
Name of the work: **Restoration of video monitoring system due to Remal Cyclone at Gobra 1, 2, & 3 in Ward No.-59, BR-VII.** Estimated amount: **Open quotation.** Earnest money: ₹ **2,600.00 (L.S).** Period of completion: **30 days.**

(4) NIT No. : KMC/LTG/Z-III/2024-2025/103
Name of the work: **Comprehensive maintenance of A.C. machine at different offices at Gariahat Market & Lake Mall Market Complex under BR-VIII.** Estimated amount: ₹ **2,08,170.00.** Earnest money: ₹ **4,200.00.** Period of completion: **365 days.**

(45) NIT No. : KMC/LTG/Z-III/2024-2025/104
Name of the work: **Repairing & replacement of damaged A.C. accessories at different Health Centre under BR-VIII.** Estimated amount: **Open quotation.** Earnest money: ₹ **2,700.00 (L.S).** Period of completion: **30 days.** Last date and time of submission of bid: **26.07.2024 at 12 noon (For Sl. No. 1 to 5).** Bid opening date for technical proposals (online): **27.07.2024 - 2 pm (For Sl. No. 1 to 5).** The bid forms and other details are available on and from **16.07.2024 (5 pm)** from the website **https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 5).**

(228/24-25)

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

২৯ বর্ষ, দৈনিক ২২৬ সংখ্যা, মঙ্গলবার, ৩১ আষাঢ়, ১৪৩১

ইতিহাসের পাতা থেকে

সম্পাদকীয়

দিনটা ছিল ১৭ জুলাই ১৯৫৯ একটি ডাকোটা বিমান উত্তর ভারতের মাঝ আকাশে উড়ছিল। বিমানের দরজা খোলা ছিল, এবং সেখানে সারিবদ্ধভাবে দাঁড়িয়ে ছিলেন কয়েকজন প্যারাট্রুপার, যাঁদের মধ্যে প্রথম তিনজন ছিলেন প্রশিক্ষক এবং তাঁদের পিছনে ছিলেন শিক্ষানবিশেরা, যাঁরা প্রথমবার বিমান থেকে লাফ দিতে প্রস্তুত ছিলেন। অবশেষে সঙ্কেত পাওয়া মাত্র একে একে লাফিয়ে পড়েন তাঁরা এবং সফলভাবে প্যারাসুট খুলে মাটিতে অবতরণ করেন। কিন্তু এই দিনটা একটি বিশেষ কারণে ইতিহাসের পাতায় উজ্জ্বল হয়ে আছে। আর সেই কারণ হলো, এই শিক্ষানবিশদের দলে ছিলেন একজন সাহসী নারী, নাম তাঁর গীতা চন্দ্র। ভারতের প্রথম মহিলা প্যারাট্রুপার হয়ে তিনি সেদিন ইতিহাস রচনা করেন। কিন্তু এই উচ্চতায় পৌঁছানো গীতার পক্ষে মোটেও সহজ ছিল না। পদে পদে এসেছিল বাধা। এক বাঙালি পরিবারে জন্ম হয়েছিল গীতারঊ শৈশব কেটেছে রংপুরে। তাঁর বাবা হরেন্দ্র চন্দ্র কারমাইকেল কলেজের প্রভাষক ছিলেন। গীতা পড়াশোনায় মেধাবী ছিলেন এবং প্রখর ক্রীড়াবিদ ছিলেন। তিনি মেডিসিন অধ্যয়ন করেন এবং পড়াশুনা শেষ করার পর, ১৯৫৭ সালের নভেম্বরে তিনি ভারতীয় বিমান বাহিনীতে মেডিকেল অফিসার হিসাবে যোগদান করেন। এরপর তিনি পশ্চিমবঙ্গে পোস্টেড হন। ১৯৫৯ সালে, ভারতীয় বিমান বাহিনী প্যারা-ট্রুপিং-এ প্রশিক্ষণ নেওয়ার জন্য বিমান বাহিনীর সমস্ত চিকিৎসা পেশাদারদের জন্য একটি প্রস্তাব উত্থাপন করেছিল। সেই অনুযায়ী সব স্টেশনে সার্কুলার পাঠানো হয়েছিল। যদিও কোনো পুরুষ চিকিৎসক স্বেচ্ছায় প্রশিক্ষণের প্রস্তাব গ্রহণ করেননি এবং তাদের আপত্তি জানিয়ে বিজ্ঞপ্তিতে স্বাক্ষর করেছিলেন। কিন্তু গীতা ছিলেন কঠিন ধাতুতে তৈরি এবং তিনি এই প্রস্তাব একেবারে লুফে নিয়েছিলেন। তাঁর সহকর্মীরা তাঁকে সার্কুলারটিতে প্রযোজ্য নয় । লিখতে অনুরোধ করেছিলেন, কিন্তু গীতা এই পরামর্শে ক্ষুব্ধ হয়েছিলেন। তিনি অবিলম্বে প্রোগ্রামে অংশগ্রহণের জন্য আবেদন করেছিলেন। তাঁর সিদ্ধান্তটি সকলকে হতবাক করেছিল, কারণ তারা বিশ্বাস করতো প্যারা-ট্রুপিং একটি বিপজ্জনক কাজ এবং এটি শুধুমাত্র পুরুষ সৈন্যদের জন্য। সুতরাং, গীতার বিরোধিতাকারীরা তাঁর দ্রুত পশ্চাদপসরণ করার জন্য ধৈর্য ধরে অপেক্ষা করেছিল। কিন্তু তাদের সেই আশায় জল ঢালতে বদ্ধপরিকর ছিলেন গীতাঊ আর এই বিষয়ে তাঁকে সমর্থন করেছিলেন এয়ার মার্শাল সুব্রত মুখার্জী, যিনি তখন ভারতীয় বিমানবাহিনীর প্রথম ভারতীয় কমান্ডার-ইন-চিফ হিসেবে কাজ করছিলেন। গীতা কোর্সের জন্য নির্বাচিত হয়েছিলেন এবং ১৯৫৯ সালের মে মাসে প্যারা-ট্রুপার স্কুলে যোগদান করেন। উত্তর ভারতে তাঁর প্রশিক্ষণ শুরু হয় এবং তিনিই একমাত্র শিক্ষানবিশ ছিলেন, যিনি উত্তর সমভূমির প্রচণ্ড উত্তাপের মধ্যে স্কুলে প্রশিক্ষণ নিচ্ছিলেন। দেড় মাস ধরে, তাঁকে পাঁচ মাইল স্প্রিন্ট করতে হয়েছিল এবং তারপরে শারীরিক প্রশিক্ষণ এবং ফ্রি-হ্যান্ড ব্যায়াম করতে হয়েছিল। এর পরে, তাঁর প্যারা-ট্রুপিং গ্রাউন্ড প্রশিক্ষণ শুরু হয়। তিনি প্রশিক্ষণ শেষ করার পরে, তাঁর পরীক্ষা দেওয়ার সময় আসে। এরপর ১৭ জুলাই , ১৯৫৯ সালে গীতা চন্দ্র তাঁর দক্ষতা দেখিয়েছিলেন এবং একটি উড়ন্ত ডাকোটা বিমান থেকে লাফ দিয়েছিলেন। দেখতে আসা দর্শকরা হয়েছিলেন উচ্ছ্বসিত, যা গীতার আত্মবিশ্বাসকেও বহুগুণে বৃদ্ধি করেছিল। প্রশিক্ষণের অংশ হিসেবে গীতা সাতবার প্যারা-ট্রুপড ছিলেন এবং একবার রাতেও। তিনি সফলভাবে কোর্সটি সম্পন্ন করার পর, এয়ার মার্শাল মুখার্জী নিজে হাতে তাঁকে প্যারা-ট্রুপারের ব্যাজ দিয়ে সম্মানিত করেছিলেন। ভারতের প্রথম মহিলা প্যারাট্রুপার, এই সাহসী বঙ্গনারীকে সেল্যুট জানায় দ বেটার ইন্ডিয়া- বাংলা!

পরিষেবা নিয়ে বীতশ্রদ্ধ

সম্পাদকীয়

পরিষেবা নিয়ে বীতশ্রদ্ধ হয়ে এককালে বিএসএনএল গ্রাহকেরা তাকে ছেড়ে চলে গিয়েছিলেন। তার পরে তারা যায় অন্য বেসরকারি সংস্থার গ্রাহক হতে। কিন্তু হালে ডেটা রিচার্জের অবাক করা মূল্যবৃদ্ধির কারণে বেসরকারি টেলিকম সংস্থাগুলির উপর ক্ষোভ উগরে দিচ্ছেন সকলেই। তাই তারা সরাসরি না হলেও ফের বিএসএনএল-মুখী হচ্ছন।

সম্প্রতি, টেলিকম সংস্থার মাশুল ঘিরে তোলপাড় সোশ্যাল মিডিয়া। কারণ, জুলাই মাসের শুরুতেই দেশের প্রধান তিনটি টেলিকম সংস্থা- 'জিও', ' এয়ারটেল' এবং 'আইডিয়া' তাদের দাম রীতিমতো বাড়িয়েছে। বাজারে টিকে থাকতে পাল্টা সস্তায় অফার দিতে থাকে বাকিরা। তবে অনেকেই তখন গ্রাহকদের সতর্ক করেছিল জিও-র সস্তার অফারে না ভুলতে, কারণ একচেটিয়া বাজার দখলের উদ্দেশ্যে এমন অফার দেওয়া হচ্ছে। বাজার দখল হয়ে গেলে এমন দাম বাড়াবে যে, গ্রাহকদের নাভিশ্বাস উঠবে। প্রতিযোগিতায় ক্রমশ পিছিয়ে যাওয়ায় কেন্দ্রের কাছে বিএসএনএল ইউনিয়ন আরজি ইতিমধ্যে জানিয়েছিল, যতদিন না পরিকল্পনা অনুযায়ী দেশীয় প্রযুক্তিতে পুরোপুরি বিএসএনএল-এর ফোর-জি আনা যাচ্ছে, ততদিন ভোডাফোন-আইডিয়ার পরিকাঠামো ব্যবহার করে গ্রাহকদের ওই পরিষেবা দেওয়া হোক। তিন বেসরকারি সংস্থার মধ্যে গ্রাহকরা মুকেশ আম্বানির জিও-র উপর বেশি রাগ উগড়ে দিচ্ছে। বিশেষত, গত কয়েক মাস ধরে মুকেশ অম্বানির ছেলের বিয়ে উপলক্ষে যে এলাহি আয়োজন ও খরচের প্রবণতা দেখা গিয়েছে, তা দেখে গ্রাহকদের অভিমত, বিয়ের ওই খরচের খরচ তুলতেই গ্রাহকের উপর ভারী মাশুলের বোঝা চাপিয়েছে জিও।

অনুকূলচন্দ্র ঠাকুরের অমৃত বাণী

শ্রীশ্রীঠাকুর অনুকূল বলেছেন, সত্যের উপাসক হতে হবে। তবেই মাতৃশক্তি অর্জন করতে পারবি। মা জাগতিক শক্তির অধিকারিণী। মা এর মধ্যেই প্রকৃত মাতৃশক্তি নিহিত। শারীরিক শক্তি, মানসিক শক্তি ধারন করতে গেলে মাতৃভক্ত। সৎ শক্তি দিয়ে দেশের সেবা করতে হবে। এটা যিনি করতে পারেন তিনি হচ্ছেন সার্থক সাধক। জীবন সার্থক হয় তাঁর। তিনিই সিদ্ধ পুরুষ। মহা মানবে পরিণত হন তিনি। মায়ের শক্তি থেকেই আসে সেই অভয় শক্তি। সেই শক্তির কোনদিন ক্ষয় হয় না। এই শক্তি হচ্ছে সর্বজয়ী। যে কোনও স্থানে এই শক্তিকে প্রয়োগ করা সম্ভব হবে। মায়ের শক্তির ওপরে নির্ভর করে জাগতিক নিয়ম কানুন চলে। সঙ্গীত সাধনার মধ্যে মায়ের সাধন শক্তি রয়েছে।

স্বামী বিবেকানন্দ

স্বামী বিবেকানন্দ শক্তির কথা বলতেন অর্ধমকে ত্যাগ করে মানব ধর্মকে গ্রহণ করতে হবে। তবেই মানব জীবন মহৎ পথ ধরে এগিয়ে যেতে পারবে। ধর্ম মানুষকে আলোর পথ দেখাবে। সে ধর্ম হচ্ছে সেবা। সেবাই হচ্ছে পরম ধর্ম। সব ধর্মে ওপরে তার স্থান। সত্যের বিকাস করতে হবে। জ্ঞানের বিকাশ করতে হবে। প্রাণের বিকাশ করতে হবে। ঠাকুর রামকৃষ্ণদেব বলতেন, মানব শক্তি হচ্ছে এই জগতের সবচেয়ে বড় শক্তি। এই শক্তিকে উন্নয়নের কাজে ব্যবহার করতে হবে। মানুষের বিপদের সময়ে গিয়ে পাশে দাঁড়াতে হবে। নিজের মনকে সম্পদশালী করতে হবে। পিছনে দিকে তাকালে চলবে না। সব সময়ে সমানে দিকে তাকিয়ে চলবে হবে। বিপদের সঙ্গে মোকাবিলা করতে হবে। তাদেরকে পরাস্ত করতে হবে। জয়ী হওয়ার বাসনা নিয়ে এগিয়ে যেতে হবে। মায়ের কাছ থেকে সেই শক্তি গ্রহণ করতে হবে। মা সরদা সেই শক্তি সবাইকে দিয়ে থাকেন। স্বামী বিবেকানন্দকে তিনি জয়ী হওয়ার শক্তি দিয়েছিলেন। শত্রুকে পরাস্ত করার শক্তি দিয়েছিলেন। নিজেকেপ্রতিষ্ঠিত করার শক্তি তিনি দিয়েছিলেন।

রামতনু পাণ্ডের তানসেনে উত্তরণ

সম্রাট আকবরের রাজসভায় নবরত্নের অন্যতম রত্ন ছিলেন রামতনু

কৌশিক দাস

সম্রাট আকবরের রাজসভায় নবরত্নের অন্যতম রত্ন ছিলেন রামতনু পান্ডে। অনুমান করা হয় ১৫৮৯ সালে ৬ ই মে সুরলোকে যাত্রা করেন সুর সম্রাট রমতনু পান্ডে ওরফে তানসেন। বিশিষ্ট সঙ্গীতজ্ঞ, সঙ্গীত জগতের সম্রাট কিংবদন্তি সুর স্রষ্টা তানসেন। তার পুরো নাম রামতনু পাণ্ডে। মোঘল সম্রাট আকবর তাকে তানসেন উপাধিতে ভূষিত করেন। তানসেন নামের অর্থ যিনি সঙ্গীত দিয়ে হৃদয় দ্রবীভূত করেন। যিনি চাইলেই গান গেয়ে আগুন জ্বালিয়ে দিতে পারতেন, আবার গান গেয়েই নামাতে পারতেন আকাশ থেকে অঝর ধারার বৃষ্টি। তানসেন শুধু বড় গায়কই ছিলেন না তিনি ছিলেন গীতিকার ও কবি। আধুনিক ধ্রুপদ সঙ্গীতের প্রবক্তা তানসেন কিছু রাগের নবরুপ দিয়েছিলেন সে সকল রাগ তার নামের সাথে আজও জড়িয়ে আছে। যথাঃ মিয়াকী দরবারী কানাড়া, মিয়াকী মল্লার, মিয়াকী তোড়ি। এসব রাগ সেই যুগ হতে আজও সকলের কাছে সমান জনপ্রিয়। কিংবদন্তি এই সঙ্গীত যাদুকরের আজ ৪২৫তম মৃত্যুবার্ষিকী। যদিও তার জন্ম-মৃত্যু সাল নিয়ে বিভ্রান্তি রয়েছে। মাহবুবুল হক সংকলিত বিশ্বতারিখ অনুযায়ী ১৫৮৯ সালের ৬ মে তিনি মৃত্যুবরণ করেন। সঙ্গীত জগতের সম্রাট কিংবদন্তি সুর স্রষ্টা তানসেনের মৃত্যুবার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি আলৌকিক ক্ষমতাধর, সঙ্গীতের যাদুকর তানসেন আনুমানিক ১৫০৬ সালের ডিসেম্বর মাসে ভারতের মধ্য প্রদেশের অন্তর্গত গোয়ালিয়রের বেহাটে জন্মগ্রহণ করেন। তার আসল নাম রামতনু পাণ্ডে। তার বাবা মুকুন্দ পাণ্ডে একজন কবি এবং তিনি ছিলেন বারাণসীর বাসিন্দা। তার কোনো সন্তানই বেঁচে থাকতো না। শোনা যায় মৃতবসা স্ত্রীকে তিনি গোয়ালিয়রের মুহাম্মাদ গওস এর মাদুলী গ্রহন করেন যাতে করে তানসেনের জন্ম হয়। শেখ মুহাম্মদ গাউস ষোড়শ শতাব্দীর অন্যতম সুফী দরবেশ ও ফকির ছিলেন। সকল ধর্ম বিশ্বাসের লোকের কাছে তিনি সনামধন্য ছিলেন। ছেলের জন্মে তিনি অতি আনন্দিত হন এবং এই জন্মের পিছনে সাধু গাউসের আশীর্বাদ রয়েছে বলে বিশ্বাস করতেন। তিনি ছেলের নাম রাখেন রামতনু (রামতনু পাণ্ডে)। ছোটবেলা থেকেই রামতনু সঙ্গীত শিক্ষা করতে শুরু করেন। এই শিক্ষায় তার গুরু ছিলেন বৃন্দাবনের তকালীন বিখ্যাত সঙ্গীত শিক্ষক হরিদাস স্বামী। মাত্র ১০ বছর বয়সে তার মেধার ক্ষমতা প্রকাশিত হয়।

কথিত আছে ১০ বছর বয়সে রামতনু গাছের আড়াল হতে বাঘের ডাক নকল করে সঙ্গীতাচার্য্য স্বামী হরিদাসকে ভয় দেখাতে চেষ্টা করে। তার মেধা দেখে স্বামীজি বিস্মিত হন এবং তার বাবাকে বলে নিজের সাথে বৃঃদাবন নিয়ে যান। সেখানেই রামতনু সঙ্গীতের তালিম নেন বেশ কয়েক বছর। এই বন্দদাবনেই তানসেনের মূল ভিত রচিত হয়। বিভিন্ন রাগের সুষ্ঠু চর্চার মাধ্যমে তিনি বিখ্যাত পণ্ডিত শিল্পীতে পরিণত হন। অনেক বিখ্যাত হওয়ার পরও তাই তিনি সময় পেলেই বৃঃদাবন আসতেন। বৃন্দাবন থেকে বেহাটে ফিরে তানসেন শিব মন্দিরে সঙ্গীত সাধনা শুরু করেন। লোকমুখে শোনা যায়, তার সঙ্গীতে মন্দিরের দেয়াল আন্দোলিত হত। স্থানীয়রা পূর্ণভাবে বিশ্বাস করতে শুরু করেন যে, তানসনের সঙ্গীতের কারণেই মন্দিরটি এক দিকে একটু হেলে পড়েছে। তানসেন সম্বন্ধে আরও কিছু অলৌকিক ঘটনার উল্লেখ পাওয়া যায়। যেমনঃ বৃক্ষ ও পাথরকে আন্দোলিত করা, নিজ থেকেই বাতি জ্বালানো এবং যখন বৃষ্টির কোন চিহ্নই নেই তখন বৃষ্টি আনয়ন করা ইত্যাদি। পিতা-মাতার মৃত্যুর পর রামতনু গওসের কাছে যান আর তার সাথেই বসবাস শুরু

করেন। এই সময় গওসের সহায়তায় রাজা মানসিংহের বিধবা স্ত্রীর সভায় যোগ দেন রামতনু। তিনি এসময় ধর্মান্তরীত মুসলমান রমনী প্রেমকুমারী, পরে যার নাম হয় হোসেনী তাকে বিয়ে করেন ও মুসলিম ধর্ম গ্রহন করেন। তার নাম হয় আতা আলি খাঁ। তবে তানসেন ইসলাম গ্রহন করেছিলেন কি না তা নির্ভরযোগ্য ভাবে জানা যায় না। এর পক্ষে ও বিপক্ষে দুইদিকেই প্রচুর মত পাওয়া যায়। তানসেনের দুজন স্ত্রী ও পাচ সন্তানের খবর পাওয়া যায়. যথাঃ হামির সেন, সুরত সেন, তরঙ্গ সেন ও বিলাস খাঁ নামে ৪ পুত্র এবং স্বরস্বতী দেবী নামে এক কন্যা।

মোঘল সম্রাট আকবরের সভায় নবরত্নের এক রত্ন ছিলেন আতা আলি খাঁ। দিল্লীর সম্রাট আকবর সিংহাসনে বসার সাত বছর পর ১৫৬২ খ্রীস্টাব্দে আতা আলী খাঁ এর কথা জানতে পান ও তাকে দিল্লীর দরবারে অধিষ্ঠিত করেন। সে সময় তিনি রেওয়ার মহারাজা রাজারাম(রামচাঁদ) এর সভা গায়ক ছিলেন। সম্রাট আকবার একদিন আতা আলী খাঁ এর গান শুনে এতই বিমোহিত হয়ে পড়েন যে তার গলা থেকে কন্ঠ হার খুলে তাকে পরিয়ে দেন এবং তার নাম দেন তানসেন। তানসেনের সময়ে আকবরের রাজসভায় আরো নামজাদা গায়ক ও সংগীতজ্ঞ ছিলেন। এদের মধ্যে মিয়া খোদাবক্স, জ্ঞান খাঁ, দারিয়া খাঁ, মিয়া মসনদ আলি খাঁ, বাবা রামদাস, সুরদাস, নবাব খাঁ, রাজ বাহাদুরসহ অনেকে।

তৎকালীন সমসাময়িক সঙ্গীতজ্ঞরা তানসেন এর এমন সৌভাগ্যে হিংসায় এক কুটকৌশলের আশ্রয় নেয়। তারা ষড়যন্ত্র করে তাকে পুড়ে মারবার জন্য দীপক রাগইতে বলেন। দীপক রাগ এমনি এক শক্তিশালী রাগ যা গাইলে গান থেকে সৃষ্ট আগুনে তানসেনের শরীর ঝলসে যাবার সম্ভাবনা ছিলো। তানসেন তা জানতেন। তাই তিনি প্রথমে রাজী হননি। তিনি জানতেন, দীপক রাগ গাওয়ার পর যখন আগুন জ্বলবে তাকে নেভানোর জন্য প্রয়োজন হবে মেঘমল্লার রাগ। কিন্তু একার পক্ষে তো একসাথে দুটো রাগ গাওয়া সম্ভব নয়। ষড়যন্ত্রকারীও জানতেন, তানসেন কোনদিন এই রাগ পরিবেশন করবেন না তাই তানসেনের বিরোধীপক্ষ সম্রাট আকবরকে সংগীতানুষ্ঠানের সময় অনুরোধ করলেন তানসেনের কণ্ঠে দীপক রাগ শুনতে। সরল বিশ্বাসে সম্রাট আকবর তানসেনকে অনুরোধ করলেন দীপক রাগ গাইতে। বিচক্ষণ তানসেন বিপজ্জনক এই রাগের পরিবেশনার জন্য সময় চেয়ে নিলেন সম্রাটের কাছে। তিনি ষড়যন্ত্রকারীদের মোকাবেলা করার জন্য মেয়ে স্বরস্বতী ও গুরু কন্যাকে মেঘমল্লার গানে তালিম দিতে লাগলেন।

নিজ কন্যা স্বরস্বতী ও গুরু কন্যাকে তালিম দেবার পর এক দিন রাজসভায় দীপক রাগ গাওয়ার ঘোষণা করলেন। তানসেনের এই পূর্ব প্রস্তুতির কথা কেউ জানতেন না। নির্দিষ্ট দিনে রাজসভায় লোকে লোকারণ্য। মাঝখানে বসে আছেন স্বয়ং সম্রাট আকবর যথাসময়ে বসল গানের আসর। শত্রু পক্ষের ধারণা, কিছুক্ষণের মধ্যে তানসেনের ভবলীলা সাঙ্গ হয়ে যাবে। তানসেন শুরু করলেন দীপক রাগ। শুরু হওয়ার পর এক সময় সভাগৃহের সমস্ত মোমবাতিতে আগুন ধরে গেল। অবস্থা দেখে সবাই দিগ্বিদিক ছুটতে লাগলেন। তানসেনের নিজের শরীরেও আগুন জ্বলতে শুরু করলো। তিনি ছুটলেন বাড়ির দিকে। সেখানে নিজ কন্যা ও গুরুকন্যা সমস্বরে মেঘমল্লার গাইছে। আকাশ থেকে নামতে শুরু করেছে বৃষ্টিধারা। সেই বৃষ্টিজল নিভিয়ে দিলো তানসেনের শরীরের জলন্ত আগুন। শোনা যায় এই ঘটনার পর অসুস্থবস্থায় ছয়মাস তিনি শয্যাশায়ী ছিলেন। তিনি যেমন গানের সুর-মূর্ছনায় আগুন ধরাতে পারতেন, আবার মেঘমল্লারে বৃষ্টির ধারাও নামাতে পারতেন।তেমনি দরবারি গান গেয়ে সুস্থ করতে পারতেন দুরারোগ্য রোগীকে। তানসেন গান গেয়ে দিনের আলোকে অন্ধকার করে রাত। রাতের আঁধার দূর করে দিনের আলোয় ভরে দিতে পারতেন চারদিক। শুধু গানে নয়, যন্ত্র সংগীতেও তার অসীম ক্ষমতা। আধুনিক বাদ্যযন্ত্র বীণা। এটা তানসেনেরই আবিষ্কার।

এই মহান সঙ্গীত সাধক ৮৩ বছর বয়সে ১৫৮৯ সালের ৬ মে আগ্রায় মৃত্যুবরণ করেন। গোয়ালিয়রের কাছে বেহাটে গোয়ালিয়রের মহান সুফি সাধক শেখ মুহাম্মদ গাউসের সমাধি কমপ্লেক্সেই মিয়া তানসেনে সমাধি রচিত হয়েছিল। গাউস এবং তানসেনের দুইটি সমাধি পাশাপাশি রয়েছে। সাধু গাউসের সমাধির ডান পাশে তানসেনের সমাধি অবস্থিত। সমাধিটি আজও অটুট রয়েছে। সমাধিস্থলে প্রতি বছর ডিসেম্বর মাসে তানসেন স্মরণে জাতীয় পর্যায়ে সঙ্গীত উৎসব হয়। দেশ, বিদেশের সঙ্গীত শিল্পী, সঙ্গীতজ্ঞ, সংগীতানুরাগীরা সেখানে যোগ দেন।

মার্কিনমুলুকে আতঙ্কের অপর নাম বন্দুকবাজ

আমেরিকায় 'বন্দুক কালচার'-এর যে বাড়বাড়ন্ত নিয়ে চিন্তায় গোটা বিশ্ব

বিশেষ প্রতিবেদন ঃ আমেরিকায় 'বন্দুক কালচার'-এর যে বাড়বাড়ন্ত নিয়ে চিন্তায় গোটা বিশ্ব। কড়া সমালোচনাও করা হচ্ছে। প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের উপর হামলা কি কারণে করা হল তা নিয়ে প্রশ্ন উঠছে। গুলির আওয়াজ যেন আমেরিকার কাছে গা-সওয়া হয়ে গিয়েছে। কমবয়সিদের হাতে বন্দুক কি ভাবে এল তা নিয়ে উটছে প্রশ্ন। তাই বলতে বাধ্য হতে হচ্ছে মার্কিনমুলুকে আতঙ্কের অপর নাম বন্দুকবাজ।

চলতি বছরের ৩০ জুন পর্যন্ত আমেরিকায় ৩০২টি বন্দুকবাজের হামলার ঘটনা ঘটেছে। এই সব ঘটনায় সব মিলিয়ে ৩৯০ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন ১২১৬ জন। এরপর এই জুলাই মাসেও ট্রাম্পের উপরে হামলার ঘটনা-সহ ৩৪টি ' শুটিং'-এর ঘটনা ঘটেছে আমেরিকায়। এই সব ঘটনায় প্রাণ হারিয়েছেন মোট ৩২ জন। এর মধ্যে সবচেয়ে বড় হামলাটি হয়েছিল কেন্টাকির ফ্লোরেন্সে। সেই ঘটনায় প্রাণ হারিয়েছিলেন ৫ জন। এদিকে গত ১০ জুলাই ক্যালিফোর্নিয়ার আলামেডায় এক বন্দুকবাজের হামলায় মৃত্যু হয়েছিল ৪ জনের। চলতি বছরের জানুয়ারিতে শিকাগোর শহরতলিতে তিনটি ভিন্ন জায়গায় ঘুরে ঘুরে গুলি চালিয়ে ৮ জনকে খুন করেছিল এক বন্দুকবাজ। এই আবহে ১৩ জুলাই পর্যন্ত এই বছর আমেরিকায় মাস শুটিংয়ে অফিশিয়ালি মৃত ৪২২ জন। আর এখনও পর্যন্ত মাস শুটিংয়ের ঘটনা ঘটেছে ৩৩৬টি। প্রসঙ্গত, আমেরিকায় প্রায় নিয়মিত বন্দুকবাজের হামলার ঘটনা সামনে আসে। প্রতিবছরই এই ধরনের ঘটনায় কয়েকশো মানুষের মৃত্যু হয় মার্কিন মুলুকে। এর আগে গতবছর ২৫ অক্টোবর আমেরিকার মেন প্রদেশের ছোট্ট শহর লেউইস্টনে বন্দুকবাজের হামলায় মৃত্যু হয়েছিল ১৮ জনের। এদিকে ২০২৩ সালের ফেব্রুয়ারিতে মিসিসিপিতে এই ধরনেরই গুলিচালনার এক ঘটনায় মৃত্যু হয়েছিল ৬ জনের। এর আগে ২০২৩ সালেরই জানুয়ারি মাসে একই দিনে তিনটি পৃথক ঘটনায় তিনটি শহরে ৮ জন নিহত হয়েছিলেন আমেরিকায়। সেদিনের ঘটনায়, ক্যালিফোর্নিয়ার হাফ মুন বে শহরে একটি হামলায় নিহত

হয়েছিলেন ৪ জন। দেস মইন শহরের এক শিক্ষা প্রতিষ্ঠানে বন্দুকবাজের হামলায় মৃত্যু হয়েছিল ২ শিশুর। এদিকে সেদিনই শিকাগোতে এক ডাকাতির ঘটনায় দুজন মারা গিয়েছিলেন। আর এই ঘটনার কয়েকদিন আগে ক্যালিফোর্নিয়াতেই চিনা নববর্ষ পালনের সময় বন্দুকবাজের হামলা চলেছিল। সেই ঘটনায় প্রাণ হারিয়েছিলেন অন্তত ১০ জন।সছে । বন্দুকবাজির রিপোর্ট গা শিউরে ওঠার মতো। রিপোর্ট অনুযায়ী, চলতি বছরের ৩০ জুন পর্যন্ত আমেরিকায় ৩০২টি বন্দুকবাজের হামলার ঘটনা ঘটেছে। এই সব ঘটনায় সব মিলিয়ে ৩৯০ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন ১২১৬ জন। এরপর এই জুলাই মাসেও ট্রাম্পের উপরে হামলার ঘটনা-সহ ৩৪টি 'মাস শুটিং'-এর ঘটনা ঘটেছে আমেরিকায়। এই সব ঘটনায় প্রাণ হারিয়েছেন মোট ৩২ জন। এর মধ্যে সবচেয়ে বড় হামলাটি হয়েছিল কেন্টাকির ফ্লোরেন্সে। সেই ঘটনায় প্রাণ হারিয়েছিলেন ৫ জন। এদিকে গত ১০ জুলাই ক্যালিফোর্নিয়ার আলামেডায় এক বন্দুকবাজের হামলায় মৃত্যু হয়েছিল ৪ জনের। চলতি বছরের জানুয়ারিতে শিকাগোর শহরতলিতে তিনটি ভিন্ন জায়গায় ঘুরে ঘুরে গুলি চালিয়ে ৮ জনকে খুন করেছিল এক বন্দুকবাজ। এই আবহে ১৩ জুলাই পর্যন্ত এই বছর আমেরিকায় মাস শুটিংয়ে অফিশিয়ালি মৃত ৪২২ জন। আর এখনও পর্যন্ত মাস শুটিংয়ের ঘটনা ঘটেছে ৩৩৬টি। প্রসঙ্গত, আমেরিকায় প্রায় নিয়মিত বন্দুকবাজের হামলার ঘটনা সামনে আসে। প্রতিবছরই এই ধরনের ঘটনায় কয়েকশো মানুষের মৃত্যু হয় মার্কিন মুলুকে। এর আগে গতবছর ২৫ অক্টোবর আমেরিকার মেন প্রদেশের ছোট্ট শহর লেউইস্টনে বন্দুকবাজের হামলায় মৃত্যু হয়েছিল ১৮ জনের। এদিকে ২০২৩ সালের ফেব্রুয়ারিতে মিসিসিপিতে এই ধরনেরই গুলিচালনার এক ঘটনায় মৃত্যু হয়েছিল ৬ জনের। এর আগে ২০২৩ সালেরই জানুয়ারি মাসে একই দিনে তিনটি পৃথক ঘটনায় তিনটি শহরে ৮ জন নিহত হয়েছিলেন আমেরিকায়। সেদিনের ঘটনায়, ক্যালিফোর্নিয়ার হাফ মুন বে শহরে একটি হামলায় নিহত হয়েছিলেন ৪ জন। দেস মইন শহরের এক শিক্ষা প্রতিষ্ঠানে বন্দুকবাজের হামলায় মৃত্যু হয়েছিল ২ শিশুর। এদিকে সেদিনই শিকাগোতে এক ডাকাতির ঘটনায় দুজন মারা গিয়েছিলেন। আর এই ঘটনার কয়েকদিন আগে ক্যালিফোর্নিয়াতেই চিনা নববর্ষ পালনের সময় বন্দুকবাজের হামলা চলেছিল। সেই ঘটনায় প্রাণ হারিয়েছিলেন অন্তত ১০ জন।

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কপালে মাতাল অপবাদ জুটেছিল

আসল রহস্য ভেদ করেছিলেন তিনি নিজেই

বিশেষ প্রতিবেদক ঃ তারাশঙ্কর অর্শের যন্ত্রনায় খুবই কষ্ট পাচ্ছিলেন, রিকশায় রাত্রে ফিরতেন, সোজা হয়ে বসতে পারতেন না,একটু আরামের জন্য কাত হয়ে শরীরটা হেলিয়ে দিয়ে বসতে হত। দু ঃখের হলেও সত্য,অর্শ তারাশঙ্করের শারীরিক যন্ত্রণা বাড়িয়ে শান্ত হয়নি বরং মাতাল অপবাদও জুটে গেল তাঁর কপালে। হঠাৎ একদিন হাসির রাজা শিবরাম চক্রবর্তীর সঙ্গে তারাশঙ্কর বদ্যোপাধ্যায়ের দেখা। প্রাণখোলা কণ্ঠে শিবরাম তারাশঙ্করকে বললেন 'আরে বাপরে'! কী ব্যাপার মশাই? কী লিখছেন! 'কবি',ওয়াণ্ডারফুল। নাট্যভারতীতে 'দুই পুরুষ'নাটক হচ্ছে । আপনি গ্রেট,রিয়েলি গ্রেট। একালের কেউ গল্প,উপন্যাস,নাটক,তিন রকম লিখতে পারে না'। কিন্তু এরপরে যা ঘটল শুনে হতভম্ব হয়ে পড়তে হয় বৈকি। কথায় কথায় তারাশঙ্কর বললেন তাঁর অর্শ আছে,বড়ই শারীরিক কষ্ট পাচ্ছেন। সেকথা শুনে শিবরামের উচ্ছ্বাস বেড়েই গেল,বলে দিলেন রবীঃদ্রনাথের ছিল, শরৎচন্দ্রেরও ছিল,তারাশঙ্করের অর্শ আছে, অদ্ভুত! সেই উচ্ছ্বাস যেন থামে না। তবে শেষ পর্যন্ত শিবরাম তারাশঙ্করকে তিনি এক চাঁদসি চিকিৎসকের কাছে নিয়ে গিয়েছিলেন কিন্তু কাজের কাজ কিছুই হয়নি। ঠিক কিভাবে তারাশঙ্কর বদ্যোপাধ্যায়ের কপালে মাতাল অপবাদ জুটলো। 'দুই পুরুষ'-এর প্রথম তিন অভিনয় রাত্রি পর্যন্ত তিনি এসপিরিন খেয়ে যন্ত্রনা উপশমের চেষ্টা করলেন। ছবি বিশ্বাসের প্রতিভাদীপ্ত অভিনয় দেখে খুব উৎফুল্ল। তবে ততদিনে অর্শের যন্ত্রণায় কাতর,প্রচণ্ড অসুস্থ শরীর নিয়ে ফিরলেন লাভপুর। শয্যাশায়ী থাকলেন টানা এক মাস। ওদিকে বরানগরের বাড়িতে বার দুই চুরি হয়েছে,উমাশশী কিছুতেই সেই বাড়িতে যেতে রাজি নন,কিন্তু তারাশঙ্কর শুনতে পাচ্ছেন কলকাতার ব্যাকুল আহবান। 'দুই পুরুষ'-এর প্রশংসা বেরিয়েছে, 'গনদেবতা'সম্পর্কে পাঠকদের থেকে সপ্রশংস চিঠি আসতে লাগল, বিভিন্ন পত্র-পত্রিকায় ছিল নতুন লেখার তাগিদ,সম্পাদকের তাগাদা। যুদ্ধের ভয়ে তখন অনেকেই কলকাতা ছেড়ে পালাচ্ছিলেন,তারাশঙ্কর সপরিবারে উঠলেন আনদ চ্যাটার্জি লেনের বাড়িতে। ওদিকে বাগবাজারের দিকে রটে গিয়েছে,কানাকানি চলছে,থিয়েটারে বই হল তারাশঙ্করের-ও এবার খতম হয়ে গেল। অনেকেই তাঁর আড়ালে বলতে লাগলেন তিনি

নাকি চুড়ান্ত মাতাল হয়ে গিয়েছেন! সেই খবর শুনেছেন ডাক্তার পশুপতি ভট্টাচার্য,তিনি একদিন তাঁকে দেখতে এসে বললেন- 'আপনি রঙ্গমঞ্চের সংস্রব ছেড়ে দিন'। দু ঃখের দিনের বড় বন্ধু,অসুখ-বিসুখে পরম আশ্রয়,পশুপতি ভট্টাচার্যের মুখের এই উক্তি তারাশঙ্কর কে বড় ব্যাথিত করল,তিনি সবিস্ময়ে প্রশ্ন করলেন- 'কেন'? পশুপতি বাবুর স্পষ্ট কথা সেটাও কী তাঁকে পরিস্কার করে বলতে হবে? তিনি বললেন 'কী অধোগতি হল আপনার! না না না ,ও জায়গাটা এমনি। যে যায় সেই মদ খেতে শেখে। আপনাকে লোকে দেখেছে,আপনি রিকশায় রাত্রে ফিরছেন,আপনার সোজা হয়ে বসবার ক্ষমতা নেই,কাত হয়ে পড়ে আছেন আপনি'! এসব শুনে তারাশঙ্কর জোরে জোরে হো হো করে হাসছেন,পশুপতি যেমন অবাক হচ্ছেন,তেমন রেগেও গেলেন,বললেন 'আপনি হাসছেন?এককালে আপনি দেশ-সেবা করতেন! মাদক নিবারণ করতে পিকেটিং করেছেন! আজ আর ছি ঃ ছি ঃ'! এবার শুভৈষী বন্ধুর কাছে সোজা না হয়ে বসার আসল রহস্য ভেদ করলেন তারাশঙ্কর,বললেন 'সেটা মদ খেয়ে নয় ডাক্তারবাবু,সেটা অর্শের যন্ত্রণায়। সোজা হয়ে বসতে পারি না। ওই দেখুন রবার কুশনটা,ওর ওপর বসে লেখাপড়া করতে হয়'। ডাক্তারবাবু পরীক্ষা করে দেখলেন এবং তাঁর বুঝতে অসুবিধা হল না তারাশঙ্করের মাতাল হওয়ার মিথ্যে রটনা বাগবাজারে ছড়িয়েছে।

ট্রাম্পের ভয়ংকর বিপদে কোথায় তাঁর পরিবার?

১৫ জুলাই ঃ নির্বাচনী প্রচারের মাঝে নেমে এসেছিল ভয়াবহ বিপদ। যেন সাক্ষা মৃত্যু। স্রেফ কপালজোরে বেঁচে গেলেন। কান ঘেঁষে বেরিয়ে গেল গুলিটি। রবিবার সকালে মার্কিন প্রেসিডেন্ট পদপ্রার্থী তথা প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের উপর এই প্রাণঘাতী হামলার খবর ছড়িয়ে পড়তেই কার্যত তোলপাড় হয়ে ওঠে গোটা বিশ্ব। রক্তাক্ত ট্রাম্পের ছবি একেবারে আলোর গতিতে ছড়িয়ে পড়ে নেটদুনিয়ায়। সকলেই তাঁর নিরাপত্তা নিয়ে চিন্তিত হয়ে ওঠেন। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি হামলা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। প্রায় সব রাষ্ট্রপ্রধানই এনিয়ে বিচলিত। কিন্তু স্বামীর এত বড় বিপদে কোথায় স্ত্রী মেলানিয়া? তাঁকে একটিবারের জন্যও দেখা যায়নি। আর তা চোখ এড়ায়নি কারও। তাই নিয়ে ইতিমধ্যেই সমালোচনা শুরু হয়েছে। পেনসিলভ্যানিয়ার বাটলারে নির্বাচনী প্রচার ছিল রিপাবলিকান প্রার্থী ট্রাম্পের। সেখানেই তাঁর উপর হামলা চলে। কান ঘেঁষে বেরিয়ে যায় আততায়ীর গুলি। প্রাণে রক্ষা পান প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট। এত সংকটের মাঝে স্বামীর জন্য একটি বার্তাও দেননি স্ত্রী মেলানিয়া। তাঁর এই নীরবতাই আরও রহস্যের জন্ম দিয়েছে। দাম্পত্য সম্পর্ক কি এতটাই তলানিতে যে এই বিপদেও স্বামীর পাশে নেই মেলানিয়া? এই প্রশ্ন ওঠে স্বাভাবিকভাবেই। জানা যাচ্ছে, এবার ট্রাম্পের প্রচার থেকে মেলানিয়া একেবারে শতহস্ত দূরে রয়েছেন। তিনি সন্তানদের সঙ্গে ফ্লোরিডা কিংবা নিউ ইয়র্কে ইদানিং বেশি সময় কাটান। তবে ঠিক ছিল, আগামী সপ্তাহে মেলানিয়া মিলাউইকের প্রচারে থাকবেন। সেইমতো সূচিও প্রস্তুত হচ্ছিল। কিন্তু ছন্দ কেটে গেল এই হামলার ঘটনায়। বাবার জন্য ছেলেমেয়েরা অত্যন্ত উদ্বিগ্ন। সোশাল মিডিয়ায় ছবি প্রকাশ করে তারা ভালোবাসা জানিয়েছে। কিন্তু স্ত্রীর একটিও কথাও বলেন নি। শুধু এবারই নয়। টাকার বিনিময়ে পর্নস্টার স্টর্মি ড্যানিয়েলকে যৌন কেলেঙ্কারি নিয়ে মুখ বন্ধ রাখার হুঁশিয়ারি মামলাতেও ট্রাম্পের পাশে ছিলেন না মেলানিয়া। আদালতের শুনানির সময় একবারও তিনি আসেন নি। মনে করা হচ্ছিল, স্বামীর কীর্তি মানতে না পেরেই সরে দাঁড়িয়েছেন তিনি। কিন্তু ট্রাম্পের এমন সংকটকালেও তিনি যে দূরেই, এতেই তা পরিস্কার।

অসংখ্য ভক্তসমাগমে উল্টো রথের মধ্যে দিয়ে শেষ হল মায়াপুর ইসকনের রথযাত্রা উৎসব

দুরন্ত বার্তা, মায়াপুর, ১৫ জুলাই ঃ সোমবার দুপুরে মায়াপুর ইসকন পরিচালিত উল্টো রথের সূচনা করলেন বর্তমান ও প্রাক্তন দুই সাংসদ জগন্নাথ সরকার ও মিমি চক্রবর্তী। নারকেল ফাটিয়ে এবং স্বর্ণ ঝাড়ু দিয়ে রথের যাত্রাপথ সুগম করে আনুষ্ঠানিক সূচনা করেন টলিউড অভিনেত্রী মিমি চক্রবর্তী ও রানাঘাটের সাংসদ জগন্নাথ সরকার। উল্টো রথ উপলক্ষ্যে সকাল থেকে মন্দির নগরী মায়াপুরে শুরু হয় ভক্তদের আগমন। সকাল সকাল সেরে ফেলা হয় ধর্মীয় রীতি ও আচার মেনে বিশেষ পুজো পাট। দুপুরে দেশি বিদেশী সহ বিভিন্ন পদের ভোগ নিবেদন। ইসকনে টানা আট দিন মাসির বাড়িতে ভক্তদের দর্শন দিয়ে সোমবার দুপুর ২টো নাগাদ তিনটি সুসজ্জিত রথে অসংখ্য ভক্ত সমাগমে ইসকন পরিচালিত রাজাপুর জগন্নাথ মন্দিরে ফিরে গেলেন ভগিনী সুভদ্রা ও ভ্রাতা বলরামকে নিয়ে ভগবান জগন্নাথ। রাজাপুর জগন্নাথ মন্দিরে ফিরে যাওয়ার মধ্যে দিয়ে শেষ হল এবছরের মত রথযাত্রা উৎসব। সোমবার বিকেলে উল্টো রথের দড়িতে একটিবার স্পর্শ করতে সকাল থেকে মায়াপুর ইসকন মন্দিরে ভিড় জমাতে শুরু করে অসংখ্য দেশি বিদেশী ভক্ত। এবছর মায়াপুর ইসকনের পঞ্চতত্ত্ব মন্দিরে অস্থায়ী মাসির বাড়ি গুন্ডিচা স্থাপন করা হয়। সেখানে জগন্নাথদেব, বলরাম ও সুভদ্রাকে সুসজ্জিত তিনটি রথে আলাদা আলাদাভাবে বসিয়ে ইসকনের অস্থায়ী মাসির বাড়ি থেকে নিয়ে যাওয়া হয় রাজাপুর জগন্নাথ মন্দিরে। উল্লেখ থাকে গত ৭ জুলাই মায়াপুর ইসকন পরিচালিত রাজাপুর জগন্নাথ মন্দির থেকে দীর্ঘ পাঁচ কিলোমিটার পথ অতিক্রম সপরিবারে অস্থায়ী মাসির বাড়ি পঞ্চতত্ত্ব মন্দিরে এসেছিলেন ভগবান জগন্নাথদেব। ইসকন মায়াপুর চন্দ্রদয় মন্দিরের জনসংযোগ আধিকারি রসিক গৌরাঙ্গ দাস জানান, গত রবিবার সন্ধ্যা থেকে ১৫ জুলাই সোমবার দুপুর পর্যন্ত অস্থায়ী মাসির বাড়ি গুন্ডিচায় জগন্নাথদেব, সুভদ্রা ও বলরামকে দর্শন ও শ্রদ্ধা জানান অসংখ্য দেশি বিদেশি ভক্ত। এই আটদিন জগন্নাথ দেবের উদ্দেশ্যে দেশী - বিদেশী বিভিন্ন বাহারি পদের ৫৬ ভোগ নিবেদন করা হয়। এছাড়াও প্রতিদিন ভক্তদের মাঝে বিতরণ করা হয় মহাপ্রসাদ।

উনুনের ভেতর সাপ, আতঙ্ক

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১৫ জুলাই ঃ বর্ষা আসলে চারদিকে সাপের উপদ্রব বেড়ে যায়। প্রতিনিয়ত শোনা যাচ্ছে কারো শোবার ঘরে বা কারো রান্নাঘরে সাপ দেখা যাচ্ছে। এরকমই এক ঘটনা ঘটলো ক্রান্তি ব্লকের ধুদিবস্তিতে। ঘটনা প্রসঙ্গে জানা গেছে খাবির আলম এর রান্নাঘরে এদিন সোমবার সকাল বেলা যখন চা করতে যাবে ঠিক সেই সময় উনুনে সাপ দেখতে পান। আতঙ্কে চিৎকার চেঁচামেচি শুরু করে দেন। পরবর্তী সময়ে কাঠামবাড়ী আপালচাঁদ রেঞ্জের বনকর্তাদের সাথে যোগাযোগ করে। কাঠামবাড়ী আপালচাঁদ রেঞ্জের বন কর্মীরা আসেন ঘটনাস্থলে এবং সাপটি কে উদ্ধার করেন। পরবর্তী সময়ে উদ্ধারকৃত সাপটি আপালচাঁদ বন জঙ্গলে ছেড়ে দেওয়া হয়েছে বলে বনদপ্তর সূত্রে জানা গেছে। এই বিষয়ে বাড়ির মালিক খাবীর আলম জানালেন, সকালবেলা চা করতে গিয়ে রান্নাঘরের উনুনে সাপ দেখতে পেয়ে আতঙ্কিত হয়ে পড়েন বাড়ির লোকজন। বনদপ্তরের সাথে যোগাযোগ করলে সাপটিকে উদ্ধার করে নিয়ে যায়। সাপটি নির্বিষ ছিল বলে জানা গেছে। ঘটনাকে কেন্দ্র করে এলাকা আতঙ্ক ছড়িয়েছে।

NAITY GRAM PANCHAYAT
Chanditala Block-II, Dist-Hooghly

Notice inviting Tender no: NIT NO: 344/NGP/2024 & 345/NGP/2024, dated: 15/07/2024 for Execution work is being invited by the PRODHAN, Naity Gram Panchayat. Date of application: FROM 15/07/2024. Last date of submission of Tender: 22/07/2024. Date of Opening of Tender: 24/07/2024. Details will be available at the office of the Naity Gram Panchayat.

Sd/- Pradhan
Naity Gram Panchayat

Office of The Block Development Officer
Kalyani, Nadia
Email: bdoklyn@gmail.com
KALYANI PANCHAYAT SAMITY

Sealed tender is being invited by the undersigned vide eNIT no-50, Memo No-294/ENGG Dated 10.07.2024. Bid submission start date is 11.07.2024. Last date of Bid submission 19.07.2024 up to 5:00 pm. For Sl no. 01 to 03. & Bid submission start date is 11.07.2024. Last date of Bid submission 29.07.2024 up to 5:00 pm. For Sl. No. 04 to 05. For other details, see the office Notice Board on all working days from 11:00 am to 5:00 pm.

Sd/- Block Development Officer
Kalyani Development Block

Office of the
Tapna Gram Panchayat
Smruk, Uluberia, Howrah
Notice Inviting E-Tender

Tender Ref: (i) 174/NIT/XVFC/UNTIED/TGP/24 Date: 10-07-2024 (ii) 175/NIT/XVFC/UNTIED/TGP/24 Dated: 10-07-2024 (iii) 176/NIT/XVFC/UNTIED/TGP/24 Date: 10-07-2024 (iv) 177/NIT/XVFC/UNTIED/TGP/24 Date: 10-07-2024 (v) 178/NIT/XVFC/UNTIED/TGP/24 date: 10-07-2024 (vi) 179/NIT/XVFC/UNTIED/TGP/24 Date: 10-07-2024 (vii) 180/NIT/XVFC/UNTIED/TGP/24 Date: 10-07-2024 (viii) 181/NIT/XVFC/UNTIED/TGP/24 Date:10-07-2024 (ix) 182/NIT/XVFC/UNTIED/TGP/24 Date: 10-07-2024 (x) 183/NIT/XVFC/TIED/TGP/24 Date: 10-07-2024 (xi) 184/NIT/XVFC/TIED/TGP/24 Date: 10-07-2024 (xii) 185/NIT/XVFC/UNTIED/TGP/24 Date: 10-07-2024 (xiii) 186/NIT/XVFC/TIED/TGP/24 Date: 10-07-2024 (xiv) 187/NIT/XVFC/TIED/TGP/24 Date: 10-07-2024 (xv) 188/NIT/XVFC/TIED/TGP/24 Date: 10-07-2024 (xvi) 189/NIT/XVFC/TIED/TGP/24 Date: 10-07-2024 (xvii) 190/NIT/XVFC/TIED/TGP/24 Date: 10-07-2024 (xviii) 192/NIT/XVFC/UNTIED/TGP/24 Date:12-07-2024 (xix) 193/NIT/XVFC/TIED/TGP/24 Date: 12-07-2024. Electronic Tenders are hereby invited by the Prodhan, Tapna Gram Panchayat, Uluberia-I Block for implementation of Nineteen(19) No. work within Tapna Gram Panchayat, Howrah.Details are available in (http://wbtenders.gov.in & http://etender.wb.nicin) and Office Notice Board.

Sd/- Prodhan
Tapna Gram Panchayat

Office of Khagramuri Gram Panchayat
Under Bishnupur-II Panchayat Samity
South 24 Parganas
e-NIT No. KHGP/1255(5)/2024 Date-13.07.2024

The Prodhan, Khagramuri Gram Panchayat Bishnupur-II Panchayat Samity, South 24 Pgs. Invites online percentage rate tenders for the work of: Construction of new Sinking Tubewell (Submersible Pump) at 5(Five) different places. Completion Time: 60 days. Documents download starting from 13.07.2024 at 2:00 am. Last date of submission of Bid on 22.07.2024 up to 02:00 PM. Technical bid opening date: 24.07.2024 at 02:00 PM. For details please visit website: https://wbtenders.gov.in

Sd/- Pradhan
Khagramuri Gram Panchayat

Office Of the
Pingla Panchayat Samiti
Pingla ::: Paschim Medinipur
e- Tender

The Executive Officer, Pingla Panchyet Samiti, invites Tender.for 30Nos. Schemes under Pingla P.S..

Notice Inviting e- Tender No

NIT No.	No.of Published Tender	Last Date of Application
Pingla/e-NIT/15th FC/ 003/2024-25	30	23.07.2024 upto 17:30 hrs

Details of the Tender notice is available in website **wbtenders.gov.in**

Sd/- Executive Officer,
Pingla Panchayat Samiti

HOOGHLY RIVER BRIDGE COMMISSIONERS
(A Statutory Organisation under Govt. of West Bengal)
HRBC BHAWAN
St. Georges Gate Road (Munshi Prem Chand Sarani), Kolkata-700 021
Phone No. : 033-2253-4135, Fax No. : 033-2248-0345
Email: hrbc.jpmqc2023@gmail.com

Notice Inviting e-Tender
No. HRBC/JPM(QC)(MD)/NIT/02/24-25 dated 15.07.2024

Tenders are invited by JPM (QC), HRBC for the following works from Bonafide and resourceful agency having credential of similar nature of work as per Govt. rule.
Sl-1) Patch repair of wearing course of AJC Bose road flyover for the year 2024-25 – East bound including Beck Bagan. **Sl-2)** Patch repair of wearing course of AJC Bose road flyover for the year 2024-25 – West bound.
Last date of submission of bid (online) will be on **23/07/2024 at 10:00 AM**. Other details may be seen from the website: **http://etender.wb.nic.in & www.hrbc.org.in (Abridged only)**

Sd/-
Joint Project Manager (QC), HRBC

সবুজের লক্ষ্যে বনমহোৎসব ২০২৪ এর সূচনা

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৫ জুলাই ঃ আগামী প্রজন্মই পারবে কংক্রিটের জঙ্গলে সবুজের বাতাবরণ তৈরি করতে। সেই কারনে বিদ্যালয়ের পড়ুয়াদের সবুজের অভিযানে সামিল করার উদ্যোগ গ্রহন করলো বৈকুন্ঠপুর বনবিভাগ। চালু হল আমার স্কুল, আমার গাছ প্রকল্প। যার মাধ্যমে স্কুল পড়ুয়াদের উৎসাহিত করা হবে গাছ লাগানোর জন্য। ১৪ জুলাই থেকে ৭ দিন ব্যাপি রাজ্যব্যাপী চালু হয়েছে বনমহোৎসব ২০২৪। তারই অঙ্গ হিসেবে বৈকুন্ঠপুর বনবিভাগের উদ্যোগে দেশবন্ধুপাড়া তরাই তারাপদ আদর্শ বিদ্যালয়ের মাঠে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে সূচনা হল এই উৎসবের। এদিন প্রদীপ প্রজ্জ্বলন করে এই বনমহোৎসবের সূচনা করেন শিলিগুড়ি পুরসভার মেয়র গৌতম দেব, পুলিশ কমিশনার সি সুধাকর, ডি এফ ও বৈকুন্ঠপুর রাজা এম সহ অন্যান্য বন আধিকারিক ও বিভিন্ন এনজিও সংস্থা। পাশাপাশি সবুজ পতাকা নাড়িয়ে সাত দিন ব্যাপী এই বনমহোৎসব - এর ট্যাবলোর সূচনাও করেন উপস্থিত অতিথিগণ। মেয়র জানান, সবুজের লক্ষ্য নিয়ে নানান উদ্যোগ গ্রহন করেছে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। গাছ লাগানো বা তাকে রক্ষণাবেক্ষন করার বিশেষ উদ্যোগ নিয়েছেন তিনি। পাশাপাশি সবুজ বাঁচিয়ে কিভাবে নগরায়নে করা যায় তারও ভাবনা নিয়েছে রাজ্যের সরকার। তাই প্রত্যকবছর বর্ষার সময়কালে লক্ষ লক্ষ গাছ লাগানোর ভাবনা নিয়েছে। সেই ভাবনাকে বাস্তবায়িত করতেই এই বনমহোৎসবের আয়োজন। বৈকুন্ঠপুর বনবিভাগের ডি এফ ও রাজা এম জানান, এই সবুজায়নের কর্মকান্ডে নতুন প্রজন্মকে সামিল করতে আমার স্কুল, আমার গাছ প্রকল্পের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিদ্যালয়ে গাছ লাগিয়ে তাকে লালন পালন করার জন্য ছাত্র-ছাত্রীদের মধ্য কমিটি বানিয়ে এর দায়িত্ব দেওয়া হবে। পরবর্তীতে তাদের পুরস্কৃতও করা হবে বলে জানান তিনি।

দক্ষিণ পূর্ব রেলওয়ে – টেন্ডার

